লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

# HSC সৃজনশীল

# সেইভ ইজি টু টেস্ট পেপারস

## সমাজবিজ্ঞান

প্রথম পত্র

## বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

## ঢাকা, যশোর, কুমিল্লা ও সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 1 7

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ সদ্য বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া রফিককে তার মামা অনার্সে তার পঠিত বিষয় জানতে চাইলেন। তখন সে উত্তরে বলল, আমি এমন একটি বিষয়ে পড়ালেখা করার সুযোগ পেয়েছি, যা সমাজের মানুষের চাল-চলন, আচার-আচরণ, রীতিনীতি, বর্তমান-ভবিষ্যৎ ইত্যাদি সামগ্রিক জীবন নিয়ে আলোচনা করে।

ক. 'The positive philosophy' বইটির লেখক কে? ১
খ. 'সমাজবিজ্ঞান ও অর্থনীতি পারস্পরিক সম্পর্কযুক্ত'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে রফিকের বক্তব্যে কোন বিষয়ের ইঙ্গিত বহন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত বিষয়টি সমাজের সামগ্রিক পাঠ' —বিশ্লেষণ কর। ৪

২ ▸ একটি গ্রামের কিছু যুবকরা বিভিন্ন রকম প্রয়োজন মেটানোর জন্য 'সূর্য ক্লাব' নামে একটি সংগঠন গড়ে তোলে। তারা একত্রিত হয়ে ইচ্ছা পূরণের লক্ষ্যে নিজেদের মধ্যে একটি সহযোগিতার ক্ষেত্র গড়ে তোলে। অপরদিকে, পার্শ্ববর্তী নদীর পাশে একটি গ্রামে স্থান ও মানসিকতা এই দুটি বৈশিষ্ট্যের ওপর ভিত্তি করে গড়ে ওঠে অন্য একটি জনপদ। এক্ষেত্রে তাঁতি, ঋষি, জেলে এদের কথা চলে আসে।

ক. প্রতিষ্ঠান কী? ১
খ. মেধা কোন ধরনের সংস্কৃতি? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'সূর্য ক্লাব' নামের সংগঠনটি তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয় দুটির মধ্যে বৈসাদৃশ্য বিশ্লেষণ কর। ৪

৩ ▸ পৃথিবীতে মানুষ টিকে থাকার জন্য বিভিন্ন দ্রব্যের প্রয়োজন অনুভব করে। এই প্রয়োজন মেটাতে গিয়ে তারা নিজ হাতে যা কিছু সৃষ্টি করেছে তার দুটি দিক আছে— একটি অন্তর্নিহিত অন্যটি বাহ্যিক। প্রথমটির এক বিশেষ স্তর বা অগ্রগতির ফল দ্বিতীয়টি মানুষ যান্ত্রিক ব্যবস্থা ও কলাকৌশলের মধ্য দিয়ে বাহ্যিক দিকটিকে উন্নত করে গড়ে তুলেছে।

ক. সামাজিক শ্রেণি কী? ১
খ. মুখ্য দল ও গৌণ দল বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মানুষের সৃষ্টির অন্তর্নিহিত দিক কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত প্রত্যয় দুটি পরস্পর সম্পর্কযুক্ত? বিশ্লেষণ কর। ৪


৪ ▸ বাঁধন রিপন ও শিমুল স্কুল জীবনের তিন বন্ধু। বর্তমানে সবাই উচ্চশিক্ষিত হয়ে ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত আছে। বাঁধন বিবাহ করে স্ত্রীকে নিয়ে পিতার বাড়িতে উঠেছে। আর রিপন বিবাহ করে স্ত্রীকে নিয়ে স্ত্রীর পিতার বাড়িতে উঠেছে। অন্যদিকে, শিমুল বিবাহ করে স্ত্রীকে নিয়ে নিজের তৈরি করা বাড়িতে উঠেছে। সচরাচর তাদের সাক্ষাৎ না হলেও মোবাইলে তারা যোগাযোগ রেখেছে।

ক. প্রথা কী? ১
খ. 'বিবাহ একটি সামাজিক চুক্তি'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বাঁধন ও রিপনের বিবাহভিত্তিক পরিবারগুলো কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিমুলের পরিবারটি বর্তমানে বিভিন্ন কারণে বৃদ্ধি পাচ্ছে— তোমার মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৫ ▸ মি. আব্দুল মালেক একজন স্বনামধন্য ব্যক্তি। তার শ্যালক রুবেল বেশ পূর্বে অধ্যয়ন শেষ করলেও কোনো চাকরি এখনও জোগাড় করতে পারেনি। মি. আব্দুল মালেক বিষয়টি উপলব্ধি করেন এবং উপযুক্ত যোগ্যতা না থাকা সত্ত্বেও নিজের সংস্থায় রুবেলকে একটি চাকরি দেওয়ার ব্যবস্থা করেন।

ক. লেভিরেট বিবাহ কী? ১
খ. লোকরীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রুবেলের দুলাভাই কোন ধরনের জ্ঞাতি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত জ্ঞাতিটি ছাড়াও পাঠ্যবইয়ে জ্ঞাতির আরও কিছু বিভাজন লক্ষণীয়— বিশ্লেষণ কর। ৪

৬ ▸





ক. বয়স বৈষম্যবাদ কী? ১
খ. 'পরিবার মানবশিশুর প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান'—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে "?" চিহ্নিত সমাজজীবনের প্রভাব বিস্তারকারী কোন উপাদানটি বসবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার কি মনে হয়, উপাদানটি সমাজ ব্যবস্থাকে নানাভাবে প্রভাবিত করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৭ ▸ রোহান নবম শ্রেণির ছাত্র। সে পড়ালেখার পাশাপাশি কম্পিউটারে গেমস খেলে অলস সময় কাটাত। ইদানীং সে অধিক সময় মুঠোফোনে এবং ফেসবুকে বন্ধুদের সঙ্গে সময় কাটায়। অবশ্য তার মা-বাবাই শিক্ষার সুবিধার্থে ইন্টারনেট ব্যবহারের অনুমতি দিয়েছিল। এবার রুবেলের বার্ষিক পরীক্ষায় ফলাফল অত্যন্ত খারাপ হওয়ায় মা-বাবা গভীরভাবে চিন্তিত।

ক. যৌথ পরিবার কী? ১
খ. বিশ্বায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে রোহানের সামাজিকীকরণে কোন বিষয়টির প্রভাব ফেলেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, উক্ত বিষয়টির ইতিবাচক প্রভাব সমাজ সভ্যতার অগ্রগতির নিয়ামক? মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৮ ▸




ক. সামাজিক অসমতা কী? ১
খ. সামাজিক নিরাপত্তার ধারণাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ছকে '?' চিহ্নিত স্থানে কোন প্রত্যয়টি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে '?' চিহ্নিত স্থানে প্রযোজ্য প্রত্যয়টির যেকোনো একটি ধরন বিশ্লেষণ কর। ৪

৯ ▸ রহিম এবং তার স্ত্রী রুবির প্রাতিষ্ঠানিক শিক্ষা নাই এবং তারা অর্থনৈতিকভাবে ভিষণ দুর্বল। প্রতিদিন সকালে তারা একসঙ্গে বেরিয়ে চাউল তৈরির একটি চাতালে সমানভাবে কাজ করে। দিনের শেষে রহিম ও রুবি পারিশ্রমিক পায় যথাক্রমে ৪০০ ও ২০০ টাকা। রুবির মনে ভিষণ কষ্ট যে, সে একই রকম শ্রম দিলেও স্বামী রহিমের অর্ধেক পরিমাণ পারিশ্রমিক পায়। আবার তারা বড়িতে ফিরে এলে রুবিকেই ঘরের সব কাজ সামলাতে হয় আর রহিম বিশ্রাম নেয়।

ক. জেন্ডার কী? ১
খ. 'সকল বিচ্যুতি অপরাধ নয় কিন্তু সকল অপরাধই বিচ্যুতি।' বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে কোন সামাজিক বৈষম্যের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উক্ত বৈষম্য সামাজিক উন্নতির পথে বাঁধা স্বরূপ।"— যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

১০ ▸ মি. সেলিম সাহেব খুলনার একজন সুপরিচিত এবং ধনাঢ্য ব্যবসায়ী। তার একমাত্র সন্তান নিরব শহরের একটি স্বনামধন্য স্কুলের মেধাবী ছাত্র। ইদানীং সে স্কুল ফাঁকি দিয়ে কিছু বন্ধুদের সঙ্গে সিনেমা দেখতে যায়, রাস্তার মোড়ে আড্ডায় রত থাকে, মেয়েদেরকে উত্ত্যক্ত করে। এমনকি নেশা করার পাশাপাশি সন্ত্রাসী কর্মকাণ্ড করে থাকে।

ক. প্রগতি কী? ১
খ. অনুলোম ও প্রতিলোম বিবাহ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে নিরবের কর্মকাণ্ড অপরাধের কোন ধরনকে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিরবের মতো বিপথগামীদের স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে কী কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? নিজ মতামতসহ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ ড. জামান স্যার ক্লাসে পাঠদানরত অবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে পড়েন। ছাত্র-শিক্ষক মিলে তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যায়। বিজ্ঞ চিকিৎসক স্বল্প সময়েই অত্যাধুনিক যন্ত্র-পাতির মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা করে সমস্যা চিহ্নিত করেন। পরে ও. টিতে নিয়ে উন্নত যন্ত্রপাতি ব্যবহার করে সফলভাবে অপারেশন শেষ করেন।

ক. চক্রাকার মতবাদের প্রধান প্রবক্তা কে? ১
খ. ভদ্রবেশী অপরাধ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে ড. জামানের চিকিৎসায় সামাজিক পরিবর্তনের কোন কারণটির প্রভাব লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত কারণটি সামাজিক পরিবর্তনের একমাত্র কারণ নয়।" —বিশ্লেষণ কর। ৪

# রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২৩

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ শাপলা বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে ভর্তি হয়েছে অষ্টাদশ শতাব্দীতে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের পর সমাজজীবনে যে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে তারই প্রেক্ষাপটে সেটির উদ্ভব হয়েছে। আর এ বিষয়টি সমাজের সামগ্রিক দিক নিয়ে আলোচনা করে।

ক. 'Sociology' শব্দটির উৎপত্তি হয়েছে কত খ্রিষ্টাব্দে? ১

খ. সমাজবিজ্ঞানকে সামাজিক সম্পর্কের বিজ্ঞানভিত্তিক পাঠ বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের আলোকে শাপলার পঠিত বিষয়ের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে উক্ত বিষয়ের জ্ঞান অপরিহার্য— বিশ্লেষণ কর। ৪

২ ▸ উনবিংশ শতকের মধ্যভাগে সামাজিক বিজ্ঞানের অন্তর্ভুক্ত নবিন একটি শাস্ত্রের উদ্ভব হয়েছে। পৃথক একটি শাস্ত্র হিসেবে নবিন হলেও এর উৎপত্তির প্রেক্ষাপট অনেক পুরোনো। মানব সভ্যতার ইতিহাসে সমাজ সৃষ্টির সময় থেকেই এ সম্পর্কিত চিন্তা-ভাবনা শুরু হয়েছে। গ্রিক দার্শনিক প্লেটো, এরিস্টটল, রুশো, ইবনে খালদুন প্রমুখ সে চিন্তারই উত্তরসূরি।

ক. 'The Prince' গ্রন্থের রচয়িতা কে? ১

খ. 'সমাজবিজ্ঞান প্রাকৃতিক বিজ্ঞান নয়'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে কোন শাস্ত্র সম্পর্কে ইঙ্গিত দেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত শাস্ত্রটির উৎপত্তির পটভূমি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ তন্বীর বিয়ে হঠাৎ করে ঠিক হয়েছে। গত মাসে তার বড় বোন তাহমিনা মারা গিয়েছে। বোনের দুটি সন্তানের অসহায়ত্বের কথা চিন্তা করে তন্বী বাবা-মার কথা মতো তার বড় বোনের স্বামীকে বিয়ে করতে রাজি হয়।

ক. জৈবিক জ্ঞাতি সম্পর্ক কী? ১

খ. পরিবারকে শিশুর প্রাথমিক বিদ্যালয় বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে কোন ধরনের বিবাহের চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে উল্লিখিত বিবাহের ধরন ব্যতীত বাংলাদেশে আরও বিভিন্ন ধরনের বিবাহ প্রচলিত আছে।"— বক্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ নদীর মা-বাবা দুজনেই চাকরিজীবী। কাজের মেয়ের তত্ত্বাবধানে যে বড় হচ্ছে। প্রায়ই তার মা-বাবার মধ্যে ঝগড়া-বিবাদ হয়। অনাদর-অবহেলায় বড় হওয়ার কারণে সে অন্য মানুষদের সাথে খাপ খাইয়ে চলতে পারে না। শুধু তাই নয়, তার মধ্যে আত্মবিশ্বাসের ঘাটতিও প্রবল।


ক. তথ্য প্রযুক্তি কী? ১

খ. রাজনৈতিক দল কোন ধরনের সামাজিক গোষ্ঠী? বুঝিয়ে লেখ। ২

গ. নদীর খাপছাড়া আচরণের জন্য সামাজিকীকরণের কোন বাহনটি দায়ী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বাহনের নেতিবাচক প্রভাবে নদীর ভবিষ্যৎ জীবন কোন দিকে যেতে পারে? বিশ্লেষণ কর। ৪

৫ ▸ ছকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. একটি শিশুর সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি? ১

খ. প্রতিষ্ঠান সম্পর্কে তোমার ধারণা বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে ছকের "?" চিহ্নিত স্থানে তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজজীবনে উক্ত প্রত্যয়টি কতটুকু প্রভাব ফেলে? বিশ্লেষণ কর। ৪

৬ ▸ পাবনা জেলার ঈশ্বরদী পদ্মা নদী তীরবর্তী একটি গ্রামের অধিকাংশ জনগণ দরিদ্র। তারা দলবদ্ধভাবে বসবাস করে এবং একে অপরকে সাহায্য করে। তারা নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করে। যুগ যুগ দরে এ গ্রামের জেলেরা অভিন্ন আদর্শ ও রীতিনীতির ভিত্তিতে অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হয়ে সহযোগিতার ভিত্তিতে বসবাস করছে।

ক. লোকরীতি কী? ১

খ. 'সামাজিক স্তরবিন্যাস সর্বজনীন।'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে জনগোষ্ঠী তোমার পাঠ্যবইয়ের কোন মৌল প্রত্যয়কে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের সাথে সমাজের মৌলিক পার্থক্যসমূহ বিশ্লেষণ কর। ৪

৭ ▸

| 'ক' | 'খ' |
|---|---|
| ১. উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত | ১. ঘর বাড়ির ধরন |
| ২. জন্মগত সাদৃশ্য | ২. অভ্যাস ও রুচিবোধ |
| ৩. প্রজ্ঞা ও মেধার ওপর প্রভাব | ৩. পেশাগত বৈচিত্র্য |

ক. প্রতিষ্ঠান কী? ১

খ. সমাজকাঠামো বলতে কী বোঝায়? ২

গ. 'ক' ছক দ্বারা কিসের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজজীবনে 'ক' এবং 'খ'-এর মধ্যে কোনটির প্রভাব বেশি পরিলক্ষিত হয়? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ সালমা একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে কর্মরত। তিনি লক্ষ করলেন, কর্মস্থলে নারী ও পুরুষের কর্ম পরিবেশ ভিন্ন। পারিবারিক পরিবেশও দেখলেন, বয়স বাড়ার সাথে সাথে তার ওপর বিভিন্ন বিধি-নিষেধ আরোপিত হলেও তার ভাইদের ক্ষেত্রে তা প্রযোজ্য নয়।

ক. বিচ্যুতিমূলক আচরণ কী? ১

খ. আয়কর ফাঁকি দেওয়া কোন ধরনের অপরাধ? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে সালমার ক্ষেত্রে সামাজিক অসমতার কোন উপাদানটি কার্যকর? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উপাদানটির প্রভাবে সামাজিক অগ্রগতি থেমে যায়— বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ঘটনা-১ : জাফর সাহেবের ছোট ছেলে প্রায়ই এলাকায় বয়োজ্যেষ্ঠদের অসম্মান করে।

ঘটনা-২ : রাহেলা বেগম প্রায়ই তার ১১ বছরের গৃহকর্মীকে মারধর করেন। একদিন তার অত্যাচারের মাত্রা এত বেড়ে যায় যে, প্রতিবেশীরা পুলিশকে জানাতে বাধ্য হয়। বর্তমানে রাহেলা বেগম কারাগারে।

ক. সামাজিক পরিবর্তন কী? ১

খ. 'একক পরিবার নগরায়ণেরই ফল।'— বুঝিয়ে লেখ। ২

গ. ঘটনা-১ এ বর্ণিত জাফর সাহেবের ছোট সন্তানের কর্মকাণ্ডকে সমাজবিজ্ঞানের ভাষায় কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ঘটনা-১' ও ঘটনা-২ এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১০ ▸ নাছির সাহেবের পরিবার একটি আদর্শ পরিবার। ছেলেমেয়েদেরকে তিনি নম্রতা, ভদ্রতা, আদব-কায়দা এবং নৈতিকতার জ্ঞান রপ্ত করিয়েছেন। এতে ছেলেমেয়েরা আদর্শবান হিসেবে গড়ে উঠেছে।

ক. অনুলোম বিবাহ কী? ১

খ. সামাজিক নিরাপত্তা ধারণাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে পরিবারের কোন কাজটির প্রতি ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সামাজিক নিয়ন্ত্রণে পরিবারের উক্ত কাজটি কী ভূমিকা পালন করতে পারে? বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কলেজের নবীনবরণ অনুষ্ঠানে কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি বক্তৃতায় নবীনদের উদ্দেশ্যে বললেন, সুশিক্ষার মাধ্যমেই জাতির ভাগ্যের ইতিবাচক পরিবর্তন সম্ভব। তোমাদেরকে সুশিক্ষায় শিক্ষিত হয়ে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এগিয়ে যেতে হবে। কেননা তোমরাই জাতির ভবিষ্যৎ ও দেশ বিনির্মাণে অগ্রযাত্রার সৈনিক।

ক. সংঘ কী? ১

খ. 'সভ্যতা মূলত বস্তুগত'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়ের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়টি মূলত সামাজিক উন্নয়নের মাপকাঠি। — বিশ্লেষণ কর। ৪

# ঢাকা, যশোর, কুমিল্লা, চট্টগ্রাম, সিলেট, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২২

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রাফি এবং শুভ্র দুই বন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। রাফি যে বিষয়ে পড়ে তার মূল আলোচ্য বিষয় হলো সমাজ। অপরদিকে শুভ্রর বিষয়টির মূল আলোচ্য বিষয় মানুষ ও তার সংস্কৃতি।

ক. সমাজবিজ্ঞানের জনক কে? ১
খ. 'সমাজবিজ্ঞান সমাজের পূর্ণাঙ্গ পাঠ।'–ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত রাফির অধ্যয়নের বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. শুভ্র ও রাফির পঠিত বিষয় পরস্পর সম্পর্কযুক্ত – ব্যাখ্যা কর। ৪

২। 'ক' বাংলাদেশের প্রাচীন শহরগুলোর মধ্যে অন্যতম। প্রধানত ব্যবসায় বাণিজ্যের কেন্দ্ররূপে শহরটির উদ্ভব ঘটলেও বর্তমানে এখানে শিল্পকারখানাও গড়ে উঠেছে। কাজের সন্ধানে ব্যাপক স্থানান্তর ঘটায় একদিকে বেকারত্ব বাড়ছে অন্যদিকে অপরিকল্পিতভাবে গড়ে উঠেছে বাসস্থান, বস্তি ও অন্যান্য স্থাপনা।

ক. ডুর্খেইম প্রদত্ত সমাজবিজ্ঞানের সংজ্ঞাটি লেখ। ১
খ. সমাজবিজ্ঞান সামাজিক ঘটনার কার্যকারণ নির্ণয় করে –বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বিষয়বস্তু সমাজবিজ্ঞানের কোন শাখায় আলোচিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের শহরটির উন্নয়নে সমাজবিজ্ঞানের জ্ঞান সহায়ক।"– ব্যাখ্যা কর। ৪

৩।
ছক-১ : প্রজ্ঞা — মেধা — বুদ্ধিমত্তা
ছক-২ : কুঠার — তবলা — ভবন

ক. সংস্কৃতি কী? ১
খ. সভ্যতা পরিমাপ করা যায়– ব্যাখ্যা কর। ২
গ. ছক-১ এ কোন ধরনের সংস্কৃতির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ছক-২ এর সংস্কৃতির উপাদানটি সভ্যতা বিনির্মাণ করে – ব্যাখ্যা কর। ৪

৪। **দৃশ্যপট-১ :** সংবাদপত্র থেকে জানা যায় গ্রিসের নিকটবর্তী সমুদ্র উপকূলে নৌকাডুবিতে ৩২ জন নিহত হয়। জানা যায়, তাদের বেশিরভাগই বাংলাদেশি। তারা অবৈধভাবে ইউরোপে প্রবেশের চেষ্টা করছিল। বাংলাদেশ সরকার মানব পাচারের সাথে জড়িত কয়েকজনকে গ্রেফতার করে।

**দৃশ্যপট-২ :** ১৪ বছর বয়সি রকি তার বন্ধুদের নিয়ে স্কুলগামী মেয়েদের উত্যক্ত করে। ইদানিং তারা ছোটখাটো ছিনতাই করে বলেও শোনা যায়।

ক. বিচ্যুতি কী? ১
খ. ত্রুটিপূর্ণ শিক্ষাব্যবস্থা কীভাবে অপরাধের সাথে জড়িত? ব্যাখ্যা কর। ২
গ. দৃশ্যপট-১ এ কোন ধরনের অপরাধের কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. দৃশ্যপট-২ এর অপরাধ নিয়ন্ত্রণে তুমি কী সুপারিশ করবে? ব্যাখ্যা কর। ৪

৫। এক সময় বর্ষাকালে নদী তীরবর্তী গ্রামসমূহে চুরি-ডাকাতি বেড়ে যেত। বর্তমানে সরকার নদী তীরবর্তী গ্রামসমূহের অবকাঠামো বিশেষ করে রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট এবং বিদ্যুৎ ব্যবস্থার সম্প্রসারণ করে। ফলে মানুষের ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হয় এবং চুরি-ডাকাতিও কমে আসে।

ক. বংশগতি কী? ১
খ. ধর্ম কীভাবে সামাজিক নিয়ন্ত্রণ করে? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত অপরাধপ্রবণতা বেড়ে যাওয়াকে তুমি সমাজজীবনের প্রভাব বিস্তারকারী কোন উপাদানের সাথে সংশ্লিষ্ট বলে মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত উদ্যোগসমূহ সমাজজীবনের প্রভাব বিস্তারকারী উপাদানের আলোকে মূল্যায়ন কর। ৪

৬। একমাত্র সন্তান তন্ময়কে নিয়ে যুথী ও ইমন দম্পতি ঢাকা শহরে বসবাস করে। ইমন পেশাগত কাজে ব্যস্ত থাকলেও যুথী সংসারের অন্যান্য কাজের পাশাপাশি একমাত্র সন্তানের লেখাপড়ার যাবতীয় দায়িত্ব পালন করেন। তন্ময়ের অক্ষরজ্ঞান শেখানো থেকে স্কুলে ভর্তি, আনা-নেয়া, হোমওয়ার্ক তৈরি সবকিছুই যুথী অত্যন্ত যত্নের সাথে সম্পাদন করেন।

ক. সমাজকাঠামো কাকে বলে? ১
খ. 'বিবাহ একটি প্রতিষ্ঠান'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পরিবারের কোন কাজটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে পরিবারের ধরনটি পরিবারের বিবর্তনের সর্বশেষ ধাপ।"– বিশ্লেষণ কর। ৪

৭। মুহিন ও পৃথা খালাতো ভাইবোন। দুজনই বিসিএস পাস করে সরকারি চাকরিতে যোগ দিয়েছে। পারিবারিক সিদ্ধান্তে দুজন সম্প্রতি বিবাহবন্ধনে আবদ্ধ হয়েছে।

ক. বহুবিবাহ কী? ১
খ. লেভিরেট বিবাহের তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে মুহিন ও পৃথার জ্ঞাতিসম্পর্কের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত বিবাহটি সামাজিকভাবে তাৎপর্যপূর্ণ।" – ব্যাখ্যা কর। ৪

৮। সানোয়ার সাহেব স্ত্রী ও তিন সন্তান নিয়ে ঢাকা শহরে বসবাস করেন। গ্রামের আত্মীয়-স্বজনরা প্রায়ই নানা প্রয়োজনে তার বাসায় আসেন। কেউ চিকিৎসার প্রয়োজনে আসেন আবার কেউবা চাকরির প্রয়োজনে। তিনি সাধ্যমত সবাইকে সাহায্য করেন। গত মাসে তিনি তার বোনের এক ছেলের চাকরির ব্যবস্থা করে দিয়েছেন। এছাড়া দরিদ্র ও অসচ্ছল আত্মীয়দের বিয়ে-শাদী ও বিপদে-আপদে আর্থিক সাহায্য করেন।

ক. পরিবার কাকে বলে? ১
খ. 'মামা' কোন ধরনের জ্ঞাতিপদ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সানোয়ার সাহেবের পরিবারটি কোন ধরনের –ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সানোয়ার সাহেবের কর্মকাণ্ডে জ্ঞাতিসম্পর্কের সামাজিক গুরুত্ব প্রতিফলিত হয়েছে।– বিশ্লেষণ কর। ৪

৯। স্বামী-স্ত্রী দুজনই সরকারি চাকরিজীবী। সারাদিন অফিস শেষ করে স্ত্রী বাসায় এসে সন্তানদের দেখাশোনাসহ সংসারের যাবতীয় দায়িত্ব পালন করেন। স্বামী অফিস থেকে এসে ক্লাবে যান, মোবাইল বা টিভি দেখেন। স্বামী মনে করেন, সংসারের এসব দায়িত্ব পালন করা তার কাজ নয়। সংসার ও অফিসের সকল দায়িত্ব পালন করতে গিয়ে স্ত্রী শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েছেন।

ক. সামাজিক অসমতা কী? ১
খ. 'দাসরা ছিল প্রভুর সম্পত্তি'– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে সামাজিক অসমতার কোন ধরনটি লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত অবস্থা সমাজ প্রগতির অন্তরায়।" –তোমার সুচিন্তিত মতামত দাও। ৪

১০। রাশেদ দশম শ্রেণির ছাত্র। চুরি, ছিনতাইসহ নানা অপকর্মে লিপ্ত। একদিন তার বাবা জানতে পারে তার ছেলেকে পুলিশ ধরে নিয়ে গেছে। বর্তমানে তার পরিবার তার চরিত্র সংশোধনের মাধ্যমে তাকে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনতে চেষ্টা করছে।

ক. বিবর্তন কী? ১
খ. চুরির অভিপ্রায়কে অপরাধ বলা যায় কি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত অপরাধের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. রাশেদের ক্ষেত্রে সুষ্ঠু সামাজিকীকরণের কার্যকারিতা বিশ্লেষণ কর। ৪

১১। কলেজ শিক্ষক তারেক সাহেব বলেন, বর্তমান যুগে কম্পিউটার, ইন্টারনেট, ই-মেইল ব্যবহার করে ঘরে বসেই যেকোনো দেশের সাথে যোগাযোগ স্থাপন করা যায়। তথ্যের আদান-প্রদান করা যায়। কিন্তু আমাদের দেশের ছেলেমেয়েরা মোবাইল ও কম্পিউটার ব্যবহার করে গান, নাটক, সিনেমা দেখে, যার কারণে সমাজে ইভটিজিং বেড়ে গেছে। তিনি বলেন, আমাদের মানসিকতা, ধ্যানধারণা ও জ্ঞানের অপ্রতুলতাই এর জন্য দায়ী।

ক. লোকাচার কী? ১
খ. সামাজিক বিবর্তন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন কারণটির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে তারেক সাহেবের উক্তির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

# রাজশাহী ও বরিশাল বোর্ড ২০২২

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। রুমানা বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে ভর্তি হয়েছে অষ্টাদশ শতাব্দীতে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের পর সমাজজীবনে যে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে তারই প্রেক্ষাপটে সেটির উদ্ভব হয়েছে। আর এই বিষয়টি সমাজের সামগ্রিক দিক নিয়ে আলোচনা করে।

ক. Logos শব্দটির অর্থ কী? ১
খ. "সমাজবিজ্ঞান হলো মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান।"—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের আলোকে রুমানার পঠিত বিষয়ের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি পাঠের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২। আনন্দপুর গ্রামে মৃৎশিল্পীদের বাস। মৃৎশিল্প তাদের ঐতিহ্যবাহী পেশা। এ গ্রামের মৃৎশিল্পীদের তৈরি তৈজসপত্র ও ফুলদানি শহরের মানুষের কাছে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে। ইদানীং গ্রামে কতিপয় মহাজনদের আনাগোনা লক্ষ করা যায়। মৃৎশিল্পীরা এ ব্যাপারে ঐকমত্যে পৌঁছে যে, যেভাবেই হোক তারা তাদের জীবন-জীবিকায় অন্যকে হস্তক্ষেপ করতে দেবে না।

ক. সংঘ কী? ১
খ. অবস্তুগত সংস্কৃতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের আলোচনা তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সমাজের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৩। বাংলাদেশের রাজধানী ঢাকায় শুভর জন্ম এবং সেখানেই তার বেড়ে ওঠা। শুভর বয়স পাঁচ বছর । বাবা-মায়ের সাথে সে পহেলা বৈশাখের মঙ্গল শোভাযাত্রায় অংশগ্রহণ করে এবং বিকেলে রমনা বটমূলে সাংস্কৃতিক অনুষ্ঠান দেখতে যায়। এ সময় শুভ তার বাবার কাছে এ সম্পর্কে জানতে চাইলে বাবা তাকে বলে, বাঙালির প্রাণের উৎসব পহেলা বৈশাখ। এগুলো আমাদের ঐতিহ্য, রীতিনীতি ও প্রথা। আর এগুলোর সমন্বয়ে গড়ে উঠে আমাদের জীবনযাত্রা প্রণালি।

ক. দল কী? ১
খ. "পরিবার সর্বজনীন"—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সভ্যতার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৪। সজল বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া শেষ করে ঢাকায় বিয়ে করেন। তিনি স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে সেখানে বসবাস করেন। তিনি নিয়মিত বাবা-মা ও অন্যান্য আত্মীয়-স্বজনদের খোঁজখবর রাখেন। সেই সাথে আর্থিক সহায়তা প্রদান করেন। এছাড়া তিনি তার গ্রামের শিক্ষা ও সাংস্কৃতিক উন্নয়নে সহায়তা করেন।

ক. বিবাহ কী? ১
খ. মাতৃতান্ত্রিক পরিবার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত পরিবারটি কোন ধরনের পরিবার—ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত সজল সাহেবের ভূমিকা সমাজের জন্য ইতিবাচক—যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৫। লতার মা-বাবা দুজনেই চাকরি করায় তার ছোট খালা রিয়া তাদের বাসায় থাকে। সে নিজের পড়ালেখার পাশাপাশি লতাকে দেখাশোনা করে। এর মধ্যে হঠাৎ লতার মা সড়ক দুর্ঘটনায় মারা যায়। এ অবস্থায় লতার বাবা তার ছোট খালা রিয়াকে বিয়ে করেন।

ক. শিশুর সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি? ১
খ. "শিশুর রক্ষণাবেক্ষণ পরিবারের অন্যতম প্রধান কাজ" —বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিবাহ কোন ধরনের বিবাহ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিবাহের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬। পৃথিবীর বৃহত্তম ব-দ্বীপ আমাদের এ বাংলাদেশ। নদী ও পাহাড় এদেশের প্রাকৃতিক সৌন্দর্যকে নয়নাভিরাম করার পাশাপাশি কৃষি উৎপাদনে বৈচিত্র্য এনেছে। মানুষের ঘরবাড়ির ধরন, পোশাক, পরিচ্ছদ, যাতায়াত ব্যবস্থা সব কিছুতেই বৈচিত্র্য লক্ষ করা যায়, পেশায়ও রয়েছে ভিন্নতা। আর এ সবকিছুই বাংলাদেশকে এনে দিয়েছে বহুমাত্রিকতা।

ক. কোন অঞ্চল মানুষের বসবাসের জন্য উপযোগী? ১
খ. বংশগতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানকে ইঙ্গিত করে? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত উপাদানটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। মানব শিশু যখন জন্মগ্রহণ করে তখন অন্যান্য প্রাণীর (গরু, ছাগল) সাথে তার মৌলিক পার্থক্য খুব কম। কিন্তু শিশুটি যত বড় হতে থাকে অন্যান্য প্রাণী থেকে তার মধ্যে স্বতন্ত্র বৈশিষ্ট্য এবং পার্থক্য ক্রমশ প্রকট হয়ে ওঠে। এ পার্থক্যের মূলে সামাজিক শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমাজই তাকে সামাজিক করে তোলে। তাই এটি জন্ম থেকে শুরু হয়ে বিরামহীনভাবে ব্যক্তির মৃত্যু পর্যন্ত চলে।

ক. জ্ঞাতিসম্পর্ক কী? ১
খ. দাসপ্রথা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রক্রিয়াটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রক্রিয়াটির মাধ্যমসমূহের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৮। প্রাকৃতিক সৌন্দর্যবেষ্টিত পলাশপুর গ্রামে কৃষক, ধোপা, নাপিত, কামার, কুমার এবং কিছু জেলেদের বসবাস। এই গ্রামের লোকেরা তাদের পৈতৃক পেশাকে আঁকড়ে ধরে জীবিকা নির্বাহ করে। দৃষ্টিভঙ্গির পরিবর্তনের ফলে তাদের সন্তানরা পিতার পেশা গ্রহণ না করে, চাকরি, ব্যবসায় করে জীবিকা নির্বাহ করে।

ক. 'Society' গ্রন্থের রচয়িতা কে? ১
খ. 'সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া'—বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি সামাজিক স্তরবিন্যাসের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সামাজিক স্তরবিন্যাসের উক্ত ধরনটির গুরুত্ব সাম্প্রতিককালে হ্রাস পাচ্ছে।"—বিশ্লেষণ কর। ৪

৯। বিপত্নীক রাজীব সাহেবের বয়স ৬৫ বছর। তার ছেলেমেয়েরা সবাই উচ্চশিক্ষিত এবং সমাজে প্রতিষ্ঠিত। রাজীব সাহেবের ছেলেমেয়েরা তাদের বাবার প্রতি যত্নবান না। পারিবারিক কোনো সিদ্ধান্তের ক্ষেত্রে তারা রাজীব সাহেবের সাথে পরামর্শ করেন না। তাদের ধারণা বয়সের কারণে তিনি সঠিক সিদ্ধান্ত গ্রহণে অক্ষম, অথচ অভিজ্ঞতার দিক থেকে রাজীব সাহেব সবসময়ই সন্তানদের চেয়ে এগিয়ে।

ক. লোকাচার কী? ১
খ. সামাজিক অসমতা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উক্ত বিষয়টি আমাদের সামাজিক মূল্যবোধের অন্তরায়—তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০। **ঘটনা-১ :** সুমন টিকিট না কেটে ট্রেন ভ্রমণে বের হয়েছে। টিটি টিকেট চেক করতে আসলে সুমন টিকিট দেখাতে ব্যর্থ হয়।
**ঘটনা-২ :** রাজন একজন ব্যবসায়ী। তিনি আয়কর ফাঁকি দেন। তাছাড়া সে ট্রেডমার্ক নকল ও জালিয়াতি করার কাজের সাথে যুক্ত।

ক. বিবর্তন কী? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২
গ. ঘটনা-১ বিচ্যুতি না অপরাধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ঘটনা-২ দেশের আর্থসামাজিক উন্নয়নের পথে অন্তরায়" —বিশ্লেষণ কর। ৪

১১। তুষার একজন সফল কৃষক। তিনি উন্নত জাতের বীজ, সার ও কীটনাশক ব্যবহার করে কৃষি উৎপাদন বৃদ্ধি করেছেন। এর ফলে তার আর্থিক সচ্ছলতা আসে। তার ছেলেমেয়েরা সবাই উচ্চশিক্ষিত। বর্তমানে তারা ইন্টারনেট ও মোবাইল ব্যবহার করে বিশ্বের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, বিভিন্ন দেশের সংস্কৃতি, রাষ্ট্রব্যবস্থা সম্পর্কে জানতে পারে। এছাড়াও তারা ইন্টারনেটের মাধ্যমে দেশে-বিদেশে সকলের সাথে যোগাযোগ রক্ষা করে।

ক. লেভিরেট বিবাহ কী? ১
খ. কাব্য ও কাব্যগ্রন্থের সংস্কৃতিগত পার্থক্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে গ্রামীণ জীবনযাত্রা পরিবর্তনে কোন উপাদানটির ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনে উক্ত উপাদানটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

## ঢাকা, রাজশাহী, কুমিল্লা, বরিশাল, দিনাজপুর ও ময়মনসিংহ বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। সুমি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করছে। সে কোন বিষয়ে পড়ালেখা করছে?– মামার এমন প্রশ্নের উত্তরে সে বলল, আমরা যে সমাজে বসবাস করছি এর উৎপত্তি, ক্রমবিকাশ কীভাবে হয়েছে তা জানতে পারাই আমার পঠিত বিষয়। এমন কি এটা সমাজজীবনের প্রায় সকল বিষয় অধ্যয়ন ও বিশ্লেষণ করে থাকে।

ক. 'Socius' শব্দটির অর্থ কী? ১
খ. নৃবিজ্ঞান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে কোন বিষয়টি তুলে ধরার চেষ্টা করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি সমাজের পূর্ণাঙ্গ পাঠ– বিশ্লেষণ কর। ৪

২। কাজল ও পারুল দুই বান্ধবী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়। কাজল যে বিষয়টা নিয়ে পড়ছে, সেটিকে সমাজের পূর্ণাঙ্গ পাঠ বলা হয়। এটির উদ্দেশ্য হলো সমাজে বসবাসকারী মানুষের পারস্পরিক সম্পর্কে বিজ্ঞানভিত্তিক বিশ্লেষণ করা। অন্যদিকে পারুলের পঠিত বিষয় রাষ্ট্র, সরকারব্যবস্থা, ক্ষমতা, কর্তৃত্ব ইত্যাদি নিয়ে আলোচনা করে।

ক. "সমাজবিজ্ঞান হচ্ছে সমাজের বিজ্ঞান"– উক্তিটি কার? ১
খ. "সমাজবিজ্ঞান একটি তাত্ত্বিক বিজ্ঞান"– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে পারুলের অধ্যয়নের বিষয় কোনটি? ৩
ঘ. উদ্দীপকে কাজলের অধ্যয়নের বিষয়টির গুরুত্ব বর্তমানে বৃদ্ধি পাচ্ছে– বিশ্লেষণ কর। ৪

৩। মুকুল একটি প্রত্যন্ত এলাকায় বাস করে। তাদের এলাকার জনগোষ্ঠীর মধ্যে মতের অমিল থাকলেও নিজেদের মৌলিক চাহিদা পূরণে তারা সমষ্টিগতভাবে একতাবদ্ধ। পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল। মানুষগুলোর মধ্যকার সম্পর্ক জটিল জালের মতো ছড়িয়ে আছে।

ক. সমাজের ক্ষুদ্রতম সামাজিক সংগঠন কোনটি? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল মুকুলের এলাকাটি কোনটিকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়টির সাথে সম্প্রদায়ের পার্থক্য আলোচনা কর। ৪

৪। পৃথিবীর সর্বত্র নববর্ষ একটি প্রচলিত উৎসব। সম্রাট আকবর বাংলা সনের প্রবর্তক। বাংলা নববর্ষ এখন জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সর্বজনীন এক জাতীয় উৎসবে পরিণত হয়েছে। বাঙালির কর্মপ্রভাবে নববর্ষের ব্যাপক প্রভাব রয়েছে। নববর্ষকে কেন্দ্র করে চারদিকে নানারকম মেলা বসে। পান্তা-ইলিশ খাওয়ার মহাউৎসব চলে। নববর্ষ আজ সত্যের গৌরব, মঙ্গলের গৌরব। মহত্ত্বের গৌরবে সকলের জীবন উদ্ভাসিত হয়ে উঠুক– সেই প্রত্যাশা সকলের।

ক. ম্যাকাইভারের মতে, সমাজের অর্থ কী? ১
খ. বস্তুগত সংস্কৃতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে ইঙ্গিত করে?– ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সভ্যতার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫। জামিল সাহেবের তিনটি ছেলে। বড় ছেলের নাম জনি। মেজটির নাম রনি। ছোট ছেলের নাম পিন্টু। জনির ছেলে, মেয়ে, স্ত্রী নিয়ে জামিল সাহেব একসাথে বসবাস করেন। রনি তার স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে পাশের শহরে বসবাস করেন। প্রবাসী পিন্টু ছুটিতে এসে বিয়ে করে নতুন স্ত্রীকে নিয়ে প্রবাসে চলে যান।

ক. 'Ancient Society' বইটি কার লেখা? ১
খ. জ্ঞাতিসম্পর্ক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে পরিবারের ধরনসমূহ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কোন পরিবারটি তোমার কাছে পছন্দ? যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৬। ঘটনা-১ : সূর্য তার চাচাতো বোনকে বিয়ে করে।
ঘটনা-২ : চম্পা তার স্বামীর মৃত্যুর পর স্বামীর ছোট ভাইকে বিয়ে করে।

ক. প্রথা কী? ১
খ. পিতৃতান্ত্রিক পরিবার বলতে কী বোঝ? ২
গ. ঘটনা-১ কোন ধরনের বিবাহ? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঘটনা-২ বিবাহের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭। অলোক বাবু পেশায় একজন চিকিৎসক। তিনি তার কর্মস্থলে মোটর বাইকে করে যাওয়া-আসা করেন। একদিন কর্মস্থলে যেতে তিনি কর্দমাক্ত রাস্তায় গুরুতর দুর্ঘটনায় আহত হন। পথচারীরা তাকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান। আন্তরিকতার টানে তার অফিসের সহকর্মীরাসহ বহু আত্মীয়স্বজন তাকে দেখতে ছুটে আসে। সেখানে তৈরি হয় এক আবেগঘন পরিবেশ।

ক. সম্প্রদায়ের মূলভিত্তি কী কী? ১
খ. লোকরীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের বিষয়টি তোমার পাঠ্যবইয়ের কোন দিককে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি সামাজিক বন্ধন স্থাপনে কতটা গুরুত্ব বহন করে বলে তুমি মনে কর? বিশ্লেষণ কর। ৪

৮। লিজা গ্রামের দরিদ্র পরিবারের সন্তান। বেঁচে থাকার তাগিদে সে ব্যবসায়ী সবুজ সাহেবের বাড়িতে গৃহপরিচারিকার কাজ করে। সবুজ সাহেবেরা যা খেত লিজাকে তা খেতে দেওয়া হতো না। সবুজ সাহেবের স্ত্রী লিজার সাথে ভালো ব্যবহার করে না বরং মাঝে মাঝে গালমন্দ ছাড়াও তাকে প্রহার করে থাকে।

ক. জাতি বর্ণপ্রথা কী? ১
খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উক্ত অসমতাটি আমাদের সামাজিক উন্নতির অন্তরায়– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৯। বকুলের স্বামী সড়ক দুর্ঘটনায় মারা যায়। একটি ছেলে সামি, একটি মেয়ে হেনাকে নিয়ে বকুল আর্থিক এবং সামাজিকভাবে দিশেহারা হয়ে পড়ে। স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তাকে বিধবা ভাতার ব্যবস্থা করে দেন। সে একটি বেসরকারি সংস্থা থেকে ঋণ নিয়ে ছাগল পালন শুরু করে। বকুলের মেয়ে হেনা স্কুল থেকে উপবৃত্তি পায়। অপরদিকে বকুলের ছেলে সামি প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে ঋণ নিয়ে কুয়েতে যায়। বর্তমানে তারা সচ্ছলভাবে জীবন যাপন করছে।

ক. সামাজিক স্তরবিন্যাসের ধরন কয়টি? ১
খ. জেণ্ডার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকটি তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়কে ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কার্যক্রমের আর্থসামাজিক গুরুত্ব আলোচনা কর। ৪

১০। সজল সাহেব দীর্ঘদিন প্রবাসে ছিলেন। দেশে ফিরে লক্ষ করেন তাদের গ্রাম আগের মতো নেই। গ্রামে বিদ্যুৎ এসেছে। গ্রামের প্রতিটি ঘরে টেলিভিশন, বৈদ্যুতিক পাখা, লোকের হাতে হাতে মোবাইল। গ্রামের লোকদের ফসল আবাদ করতে বৃষ্টির জন্য অপেক্ষা করতে হয় না। উন্নত পানির পাম্প, শ্যালো মেশিন বসানো হয়েছে। তিনি মনে করেন, সময়ের পরিবর্তনের সাথে সাথে এমনটি ঘটেছে।

ক. প্রগতি কী? ১
খ. উন্নয়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়টির ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বর্ণনায় উক্ত প্রত্যয়টির তুমি কী ধরনের পরিবর্তন লক্ষ করেছ, তা বিশ্লেষণ কর। ৪

১১।




ক. দল কী? ১
খ. বয়স বৈষম্য বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের চিত্রটি কী তত্ত্ব নামে পরিচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজ পরিবর্তনের ক্ষেত্রে উক্ত তত্ত্বটি কতটা কার্যকর? বিশ্লেষণ কর। ৪

# যশোর, চট্টগ্রাম ও সিলেট বোর্ড ২০২১

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচের উদ্দীপকগুলো পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো **সাতটি** প্রশ্নের উত্তর দাও।]

১। কৃষির ওপর নির্ভরশীল থাকা 'ক' অঞ্চলে বেশকিছু শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠায় মানুষের জীবন-জীবিকায় বেশ পরিবর্তন এসেছে। পুরাতন পেশা ছেড়ে মানুষ নতুন নতুন পেশায় যুক্ত হচ্ছে। বিভিন্ন অঞ্চল থেকে প্রত্যহ কর্মের সন্ধানে মানুষ এলাকাটিতে এসে ভিড় জমাচ্ছে। কিছু মানুষের আর্থিক অবস্থার উন্নতি হলেও অনেক মানুষই কর্মহীন হয়ে ঘুরে বেড়াচ্ছে। চুরি, ছিনতাই ও ছোটখাটো অপরাধমূলক কর্মকাণ্ডও সংঘটিত হতে দেখা যাচ্ছে ইদানীংকালে।

ক. পরিবেশ সমাজবিজ্ঞানের আলোচ্য বিষয় কী? ১

খ. সমাজবিজ্ঞান মূলত সমাজের পূর্ণাঙ্গ পাঠ— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের আলোচ্য কোন পরিধির সাথে মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সমাজবিজ্ঞানের জ্ঞান ব্যতীত এলাকাটির উন্নয়ন সম্ভব নয়"— উদ্দীপকের আলোকে উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২। ফাহিম বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে তার মূল আলোচ্য বিষয় মূলত সমাজ, সামাজিক সম্পর্ক, সামাজিক কার্যাবলি, সামাজিক দল-প্রতিষ্ঠান ইত্যাদি। অপরদিকে, তার বন্ধু তারেক যে বিষয়টিতে অধ্যয়ন করে তার মূল আলোচ্য বিষয়— মানুষ, তার উদ্ভব ও বিকাশ, মানুষের দৈহিক গড়ন ও সংস্কৃতির ভিন্নতা।

ক. শিকার ও খাদ্য সংগ্রহ সমাজের একটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ১

খ. সমাজবিজ্ঞান মূল্যবোধ নিরপেক্ষ— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে তারেকের অধ্যয়নকৃত বিষয় কোনটি বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাহিমের অধীত বিষয়টির ব্যাপকতা গভীর— বিশ্লেষণ কর। ৪

৩। তিতাস নদীর পাড়ে রমেশের গ্রাম। রমেশের বাবা-চাচা সবাই মাছ ধরে ও মাছ বিক্রি করে জীবন নির্বাহ করে। বংশ পরম্পরায় এটাই তাদের কাজ। গ্রামের বেশিরভাগ মানুষের পেশাও তাই। এরা পরস্পরের প্রতি খুব বেশি আন্তরিক। পড়াশুনায় রমেশের ভীষণ আগ্রহ। গ্রামের স্কুলের সে নিয়মিত ছাত্র। পড়াশোনার ফাঁকে ফাঁকে সে বাবা-চাচাদের সাথে মাছ ধরে ও বিক্রিতে সহায়তা করে। মেধাবী রমেশ মেডিকেল পাস করে এখন ডাক্তার হিসেবে সমাজে প্রতিষ্ঠিত। সপ্তাহে একদিন সে তাঁর গ্রামের মানুষকে বিনামূল্যে চিকিৎসা সেবা দিয়ে থাকে।

ক. মুখ্য দল কাকে বলে? ১

খ. প্রথা মূলত সামাজিক— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনসমষ্টি সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর রমেশের পেশার পরিবর্তন সামাজিক গতিশীলতা সৃষ্টিতে সহায়ক? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৪। শুভপুর গ্রামের কতিপয় যুবক করোনা মহামারির প্রথমদিকে গ্রামের মানুষদের স্বাস্থ্য সচেতনতামূলক নানা কর্মসূচি গ্রহণ করে। হাত ধোঁয়া, স্যানিটাইজার ব্যবহার, মাস্ক পরিধান, সামাজিক দূরত্ব বজায় রাখাসহ নানাবিধ প্রচারণা চালায় এবং গ্রামের হতদরিদ্র পরিবারের জন্য ত্রাণ সহায়তার ব্যবস্থা করে। তাদের এ জাতীয় কর্মকাণ্ড গ্রামের মানুষের নিকট খুব সমাদৃত হয়। বর্তমানে তারা স্থানীয় জনপ্রতিনিধি ও প্রশাসনের সহযোগিতায় গ্রামের মানুষের কর্মসংস্থান ও জীবনযাত্রার মান উন্নয়নের জন্য 'সবুজ সাথি' নামে একটি ক্লাবের মাধ্যমে কাজ করে যাচ্ছে।

ক. বন্যদশা বলতে কী বোঝ? ১

খ. সমাজ অর্থ সহযোগিতা— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে গ্রামের যুবকদের উদ্যোগ সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'সবুজ সাথি' শুভপুর গ্রামে পরিবর্তন আনতে সক্ষম— বিশ্লেষণ কর। ৪

৫। আমাদের সমাজব্যবস্থায় একসময় বয়োজ্যেষ্ঠরা ছোটদেরকে গল্প, রূপকথা ও উপদেশমূলক বাণী শোনাত। একসময় গ্রামে-গঞ্জে পালাগান, জারি-সারি ইত্যাদি ব্যাপকভাবে হতো। বিশেষ করে পুঁথিপাঠ, গাজীর গান, শ্লোকের মধ্য দিয়ে মানব চরিত্রের গুণাবলি প্রকাশ পেত। বয়োজ্যেষ্ঠরা মনে করে, সময়ের পরিবর্তন হলেও এসবের প্রয়োজন এখনো শেষ হয়ে যায়নি।

ক. সমাজ কাঠামো কী? ১

খ. সভ্যতা মূলত বস্তুগত— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সংস্কৃতির কোন ধরনটি উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়াবলি সামাজিক নিয়ন্ত্রণে কীভাবে ভূমিকা রাখতে পারে? তোমার মত দাও। ৪

৬। কৃষক পরিবারের ছেলে রফিক ঢাকায় একটি শিল্পগোষ্ঠীতে চাকরি করে। মামাতো বোন স্বর্ণাকে বিয়ে করে সে ঢাকায় বাসা ভাড়া নিয়ে বসবাস করছে। রফিকের বাবা-মা গ্রামের বাড়িতেই থেকে যায়।

ক. প্রতিষ্ঠান কী? ১

খ. বিবাহ একটি সামাজিক চুক্তি— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত বিবাহের ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'রফিকের পরিবার গঠন সমাজের বর্তমান বাস্তবতা'— বিশ্লেষণ কর। ৪

৭। ফাইয়াজ তার বাবা-মার সাথে ঢাকায় বসবাস করে। ফাইয়াজের বাবা-মা দুজনই চাকরিজীবী। তার পরিবারে দাদা-দাদি ছাড়াও অবিবাহিত এক চাচা ও ফুফু থাকে। বাবা-মা ব্যস্ত বলে তার অধিকাংশ সময় কাটে পরিবারের অন্য সদস্যদের সাথে। ফাইয়াজ তার দাদার কাছ থেকে ধর্মীয় শিক্ষা নেয় এবং চাচা ও ফুফু তাকে পড়াশোনায় সাহায্য করে।

ক. অনুলোম পরিবার কী? ১

খ. পিতৃসূত্রীয় পরিবার প্রত্যয়টি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিবারটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. ফাইয়াজের পারিবারিক পরিবেশ সুষ্ঠু সামাজিকীকরণের অনুকূল— ব্যাখ্যা কর। ৪

৮। জামান সাহেব শহরে তার স্ত্রী ও দুই সন্তান নিয়ে বসবাস করেন। গ্রাম থেকে মাঝে মাঝে আত্মীয়স্বজন শহরে আসলে তার বাসায় ওঠে। তিনি সাধ্যমতো গ্রামের আত্মীয়স্বজনকে আর্থিকভাবে সহায়তা করে থাকেন। কয়েকদিন আগে তাঁর এক চাচা মেয়ে বিয়ের জন্য কিছু জমি বিক্রি করতে চাইলে তিনি তা কিনে নেন।


ক. মাতৃতান্ত্রিক পরিবার কী? ১

খ. বর্ণনামূলক জ্ঞাতিসম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত পরিবারটির ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে প্রতিফলিত জ্ঞাতিসম্পর্কের ভূমিকা সমাজের জন্য ইতিবাচক? মত দাও। ৪

৯।




ক. দাস কাকে বলে? ১

খ. স্তরবিন্যাস সকল সমাজে বিদ্যমান— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাস ব্যবস্থার কোন ধরনটির উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ক ও খ-এর মধ্যে সামাজিক অসমতা মূলত উৎপাদনের উপকরণের মালিকানাভিত্তিক— ব্যাখ্যা কর। ৪

১০। **দৃশ্যকল্প-১ :** সাবিনা সুমনের চেয়ে অধিকতর মেধাবী হলেও তাদের পিতা-মাতা সাবিনাকে পড়াতে ইচ্ছুক নন। বরং উচ্চশিক্ষার সুযোগ না দিয়েই তাকে বিয়ে দিয়ে দেন। গ্রামে অধিকাংশ মানুষই নারীশিক্ষা বা তাদের প্রতি মনোভাব বিভিন্ন পূর্বসংস্কার আরোপ করেন।

**দৃশ্যকল্প-২ :** নিঃসন্তান বিধবা বৃদ্ধার বর্তমান অবস্থা করুণ। একসময় সহায়-সম্পত্তি থাকলেও এখন তিনি নিঃস্ব। সাহায্যের জন্য তিনি দ্বারে দ্বারে ঘুরে বেড়ান।

ক. জাতি বর্ণপ্রথা কী? ১

খ. নারীবাদ প্রত্যয়টি ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্যকল্প-১ এ কোন ধরনের বৈষম্য নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যকল্প-২ এর অবস্থা উত্তরণে সামাজিক নিরাপত্তা ধারণাটি মূল্যায়ন কর। ৪

১১। গণি মিয়া তার গ্রামের মানুষজনের কাছে একজন সফল কৃষি উদ্যোক্তা ও কৃষক বন্ধু হিসেবে পরিচিত। গ্রামের মানুষ চাষাবাদের ক্ষেত্রে তার পরামর্শ নিয়ে থাকে। সে মোবাইলের মাধ্যমে কৃষি সংক্রান্ত নানা তথ্য ও সমস্যার সমাধান বিষয়ে জানতে পারে। এর ফলে সে নতুন নতুন ফসলের চাষাবাদ ও ন্যায্যমূল্য নিশ্চিত করতে সক্ষম হয়েছে। বর্তমানে সে অর্থনৈতিকভাবে বেশ স্বাবলম্বী। গণি মিয়া মাঝে মাঝে ভাবে বাপ-দাদার আমলে যদি এ সুবিধা থাকত তাহলে তাদের আর এত কষ্ট করতে হতো না।

ক. প্রগতি কী? ১

খ. সামাজিক পরিবর্তন সর্বজনীন— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন উপাদানটির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "গণি মিয়ার অবস্থার উন্নয়ন ও সামাজিক পরিবর্তন এক সূত্রে গাঁথা"— বিশ্লেষণ কর। ৪

# সকল বোর্ড ২০২৩

বিষয় কোড : 1 1 7

সময় : ৩০ মিনিট

## সমাজবিজ্ঞান প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. বয়স্ক ব্যক্তিদের সামাজিক নিরাপত্তায় সরকার কর্তৃক গৃহীত উদ্যোগ কোনটি?**
ক পারিবারিক ভাতা খ কাজের বিনিময়ে খাদ্য
গ বয়স্ক ভাতা ঘ বেকার ভাতা

**২. বিচ্যুতিমূলক আচরণ নির্ধারিত হয়–**
ক আইন দ্বারা খ সামাজিক মূল্যবোধ দ্বারা
গ ধর্মীয় বিশ্বাস দ্বারা ঘ বয়স দ্বারা

**৩. বিদেশে অর্থ পাচার কোন ধরনের অপরাধ?**
ক ভদ্রবেশী খ বিচ্যুতিমূলক
গ সামাজিক অপরাধ ঘ রাজনৈতিক অপরাধ

**৪. সামাজিক পরিবর্তনে প্যারেটোর তত্ত্বের মূল বক্তব্য–**
ক দ্বন্দ্বের মাধ্যমে সমাজ পরিবর্তন হয়
খ কৃৎ কৌশলের পরিবর্তনে সমাজ পরিবর্তন হয়
গ ব্যক্তির প্রচেষ্টায় সামাজিক পরিবর্তন হয়
ঘ ইতিহাসের পুনরাবৃত্তি হয়

**৫. অবসর গ্রহণ তত্ত্বটি কার?**
ক ব্লাউ খ শেফার
গ ডুরখেইম ঘ কুমিং এবং হেনরি

**৬. প্রকাশ্যে ধূমপান একটি–**
ক অপরাধ খ বিচ্যুতি
গ অশোভন ঘ নৈরাজ্য

**৭. সামাজিক পরিবর্তনে রৈখিক মতবাদে বিশ্বাসীদের অন্যতম–**
ক কার্ল মার্কস খ প্যারেটো
গ সরোকিন ঘ বটমোর

**৮. "সমাজবিজ্ঞান হলো সামাজিক কার্যাবলির পাঠ্য"– উক্তিটি কার?**
ক ডেভিড ড্রেসলার খ ম্যাক্স ওয়েবার
গ এমিল ডুর্খেইম ঘ অগাস্ট কোঁৎ

**৯. সমাজবিজ্ঞানকে সমাজের পূর্ণাঙ্গ পাঠ বলা হয় কেন?**
ক সমাজের উৎপত্তি নিয়ে আলোচনা করে
খ সমাজের বিজ্ঞানভিত্তিক অধ্যয়ন করে
গ সমাজের সামগ্রিক দিক বিশ্লেষণ করে
ঘ সমাজের বস্তুনিষ্ঠ আলোচনা করে

**১০. সমাজবিজ্ঞান একটি–**
i. তাত্ত্বিক বিজ্ঞান
ii. ফলিত বিজ্ঞান
iii. বস্তুনিষ্ঠ বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :**
সাম্প্রতিক এক রিপোর্ট অনুসারে বিশ্বের সবচেয়ে দূষিত বায়ুর শহর ঢাকা। পরিবেশ অধিদপ্তরের প্রতিবেদন অনুসারে ঢাকার বায়ু দূষণের তিনটি প্রধান উৎস ইট ভাটা, যানবাহনের ধোঁয়া ও নির্মাণাধীন স্থাপনার ধুলা।

**১১. উদ্দীপকের আলোচ্য বিষয়টি সমাজবিজ্ঞানের কোন শাখার অন্তর্ভুক্ত?**
ক পরিবেশ সমাজবিজ্ঞান
খ সামাজিক জনবিজ্ঞান
গ চিকিৎসা সমাজবিজ্ঞান
ঘ গ্রামীণ সমাজবিজ্ঞান

**১২. সমাজবিজ্ঞানে সমস্যাটি অধ্যয়ন গুরুত্বপূর্ণ–**
i. সঠিক চিকিৎসার প্রয়োজনে
ii. সমাজজীবনে এর প্রভাব নির্ণয়ে
iii. নগর পরিকল্পনার প্রয়োজনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৩. সমাজবিবর্তন ধারায় লেনেস্কি প্রদত্ত প্রথম স্তরটির নাম কী?**
ক আদিম সাম্যবাদী সমাজ
খ সরল সমাজ
গ বন্যদৃশ্য
ঘ শিকার ও খাদ্য সংগ্রহ সমাজ

**১৪. কোন সমাজে খাদ্যের নিশ্চয়তা অত্যধিক হারে বৃদ্ধি পেয়েছে?**
ক কৃষি সমাজে
খ পশুপালন সমাজে
গ উদ্যান সমাজে
ঘ শিকার ও খাদ্য সংগ্রহ সমাজে

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :**
স্কুল পড়ুয়া রতন তার ছোট দুই ভাই-বোন ও মা-বাবাসহ বসবাস করে। স্কুলে তার সহপাঠীদের সাথে তার চমৎকার সম্পর্ক। এবার ফুটবল টুর্নামেন্টে রতনের স্কুল পার্শ্ববর্তী অন্য একটি স্কুল দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়।

**১৫. রতনের মা-বাবা ও ভাই-বোন কোন দলের অন্তর্ভুক্ত?**
ক গৌণ দল খ মুখ্য দল
গ সংঘভিত্তিক দল ঘ বহির্দল

**১৬. রতনের মা-বাবা, ভাই-বোনদের নিয়ে গঠিত দলের সাথে সহপাঠীদের নিয়ে গঠিত দলের পার্থক্য–**
ক আদর্শগত খ নির্দিষ্ট লক্ষ্য
গ সম্পর্কের স্থায়িত্ব ঘ কর্মসূচিগত

**১৭. সংস্কৃতির ক্ষেত্রে কোন বক্তব্যটি যথার্থ?**
i. মিথস্ক্রিয়ার মাধ্যমে অর্জিত হয়
ii. সংস্কৃতি অপরিবর্তনশীল
iii. সমাজ সংস্কৃতির ধারক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. আকারের দিক থেকে কোনটি বৃহৎ?**
ক সম্প্রদায় খ সংঘ
গ সমাজ ঘ দল

■ **উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও :**
গ্রামের কৃষিজীবী মানুষ পাড়ার চা-দোকানে টিভি দেখে অবসর সময় কাটায়। টিভিতে বাংলা সিনেমা ওদের বেশি পছন্দ। যখন পাড়ায় টিভি ছিল না তখন দেশীয় খেলা-ধুলা, গল্প, পুঁথি পাঠে তাদের সময় কাটত।

**১৯. নিচের কোনটি অবস্তুগত সংস্কৃতি?**
ক টিভি খ পুঁথি গ্রন্থ
গ পুঁথি পাঠ ঘ চা-দোকান

**২০. উদ্দীপকে সংস্কৃতির কোন বৈশিষ্ট্য নির্দেশ করে?**
ক বস্তুগত পরিবর্তন অবস্তুগত সংস্কৃতিতে পরিবর্তন ঘটায়
খ সংস্কৃতিতে দ্বন্দ্ব অনিবার্য
গ সংস্কৃতির বিনিময় যোগ্যতা
ঘ সংস্কৃতির স্থায়িত্ব

**২১. জেলে জনগোষ্ঠী একটি সম্প্রদায়। কারণ–**
i. এদের একই রকম জীবন ব্যবস্থা
ii. একই ভৌগোলিক এলাকায় বসবাস
iii. পারস্পরিক সহানুভূতির সম্পর্ক বিদ্যমান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২২. দেবর-ভাবী কোন ধরনের জ্ঞাতিসম্পর্কের উদাহরণ?**
ক রক্ত সম্পর্কিত খ বৈবাহিক
গ কাল্পনিক ঘ প্রথাগত

**২৩. মালিক-শ্রমিক শ্রেণি দুটি কোন সমাজে লক্ষণীয়?**
ক আদিম সমাজে খ পুঁজিবাদী সমাজে
গ দাস সমাজে ঘ সামন্ত সমাজে

**২৪. সামাজিক নিয়ন্ত্রণের আনুষ্ঠানিক বাহন কোনটি?**
ক রাষ্ট্র খ পরিবার গ জনমত ঘ ধর্ম

**২৫. বিবাহ সম্পর্কে কোন উক্তিটি যথার্থ?**
i. নারী পুরুষের সম্পর্কের সামাজিক স্বীকৃতি
ii. পরিবার গঠনের পূর্বশর্ত
iii. সমাজকে সুশৃঙ্খল রাখে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**২৬. সামাজিক গোষ্ঠীগত উপাদানের উদাহরণ কোনগুলো?**
ক আদর্শ, মূল্যবোধ খ সংঘ, শিক্ষা প্রতিষ্ঠান
গ মেধা, গায়ের রং ঘ নদনদী, পাহাড়

■ **উদ্দীপকটি পড়ে ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
৩ বছরের রাতুলের কথা বলা ও অন্যান্য আচরণে তার দাদা-দাদির সাথে মিল লক্ষণীয়।

**২৭. রাতুলের সামাজিকীকরণের এ প্রক্রিয়ায় ক্রিয়াশীল উপাদান কোনটি?**
ক অনুকরণ খ ভাষা
গ কর্তব্যবোধ ঘ অঙ্গীভূতকরণ

**২৮. সামাজিক স্তরবিন্যাসের ধরন কয়টি?**
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
রহিমা নির্মাণ শ্রমিক। সারাদিন সে পুরুষ সহকর্মীদের সাথে সড়ক নির্মাণের কাজ করে থাকে। পুরুষ কর্মীদের সমান কাজ করেও সে কম মজুরি পায়। রহিমা এর প্রতিবাদ করলেও সহকর্মী, নিয়োগকারী কেউ তাকে সমর্থন করে না।

**২৯. রহিমার মজুরি বৈষম্যের কারণ কোনটি?**
ক জেন্ডার খ বয়স
গ জাতিবর্ণ ঘ বুদ্ধিভিত্তিক

**৩০. এ ধরনের বৈশিষ্ট্য নিরসনে প্রয়োজন–**
ক শ্রমিক মজুরি বৃদ্ধি
খ নারী শ্রমিক নিয়োগ বন্ধ
গ নারীদের গৃহস্থালী কাজে সীমাবদ্ধ রাখা
ঘ সমাজ মানসিকতা পরিবর্তন

# সকল বোর্ড ২০২২

## সমাজবিজ্ঞান প্রথম পত্র ⯆ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০


[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'Sociology' শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?**
ক এমিল ডুর্খেইম  খ মরিস জিনস্বার্গ
গ অগাস্ট কোঁৎ  ঘ ম্যাকাইভার

**২. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান।" – উক্তিটি কার?**
ক এমিল ডুর্খেইম  খ ম্যাকাইভার ও পেজ
গ কার্ল মার্কস  ঘ অগাস্ট কোঁৎ

**৩. সামাজিকীকরণ প্রক্রিয়া কখন শুরু হয়?**
ক জন্মের পর থেকে  খ শৈশবে
গ কৈশোরে  ঘ যৌবনে

■ **নিচের ছকটি লক্ষ কর এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :**





**৪. ছকের '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?**
ক সমাজ কাঠামোর উপাদান
খ সামাজিক স্তরবিন্যাসের উপাদান
গ সামাজিক গতিশীলতার উপাদান
ঘ সামাজিক নিয়ন্ত্রণের উপাদান

**৫. উক্ত প্রত্যয়টি সম্পর্কে বলা যায়–**
i. এটি সমাজবিজ্ঞানের মৌলিক প্রত্যয়
ii. এটি ভাববিনিময়ের অন্যতম ব্যবস্থা
iii. এটি কতক সংগঠনের পারস্পরিক সূত্রের সমন্বয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৬. 'সমাজ অর্থ সহযোগিতা'–উক্তিটি কার?**
ক ডেভিড পোপিনো  খ ম্যাকাইভার
গ শেফার  ঘ জিন্সবার্গ

■ **নিচের চিত্রটি লক্ষ কর এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :**




**৭. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানটিতে নিচের কোনটি বসবে?**
ক বিবাহ  খ পরিবার
গ জ্ঞাতিসম্পর্ক  ঘ সমাজ

**৮. উক্ত প্রত্যয়টি সম্পর্কে প্রযোজ্য তথ্য হলো–**
i. এটি কৃত্রিম জ্ঞাতিসম্পর্ক সৃষ্টি করতে পারে
ii. এটি আত্মীয়তার সম্পর্ক গড়ে তুলতে পারে
iii. এটি সামাজিকভাবে স্বীকৃত
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**৯. পরিবার কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক রাজনৈতিক  খ সামাজিক
গ ধর্মীয়  ঘ অর্থনৈতিক

**১০. 'Socius' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক ইংরেজি  খ ল্যাটিন
গ গ্রিক  ঘ ফরাসি

**১১. মাতৃতান্ত্রিক পরিবার কাদের মধ্যে লক্ষণীয়?**
ক চাকমা  খ গারো
গ সাঁওতাল  ঘ মণিপুরি

**১২. সুন্দরবন এলাকায় জলদস্যুদের আস্তানা বেশি হওয়ার কারণ–**
ক বিদ্যমান সামাজিক পরিবেশ
খ বংশানুক্রমে ওই এলাকার লোকজন জলদস্যু
গ বিদ্যমান ভৌগোলিক পরিবেশ
ঘ অর্থনৈতিক সংকট

**১৩. সমাজজীবনে প্রভাব বিস্তারকারী মৌল উপাদান কয়টি?**
ক ২  খ ৩
গ ৪  ঘ ৫

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
টুটুল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিষয়ে পড়াশোনা করে। সে তার ক্লাসের বন্ধুদের সাথে ফেসবুকের মাধ্যমে যোগাযোগ করে। এমনকি মোবাইল ফোনের মাধ্যমেও ঘনিষ্ঠজনদের সাথে সামাজিক যোগাযোগ রক্ষা করে।

**১৪. টুটুলের সামাজিক যোগাযোগের ক্ষেত্রে কোন বিষয়ের প্রভাব লক্ষণীয়?**
ক শিক্ষা  খ তথ্য ও প্রযুক্তি
গ গণমাধ্যম  ঘ মোবাইল ফোন

**১৫. উক্ত বিষয়ের অন্তর্ভুক্ত হলো–**
i. অনলাইন সংবাদপত্র
ii. স্যাটেলাইট চ্যানেল
iii. ইন্টারনেট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৬. জাতিবর্ণের একটি বৈশিষ্ট্য হচ্ছে–**
ক জন্মসূত্রে সদস্যপদ লাভ
খ একই রকম আয়
গ একই রকম সামাজিক মর্যাদা
ঘ একই এলাকায় বসবাস

■ **উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও :**
অলক ও রহমত ছোটবেলা থেকে গ্রামের একই স্কুলে পড়াশোনা করেন। চাকরি করার ইচ্ছা থাকলেও অলক শেষ পর্যন্ত পৈতৃক পেশা বেছে নিতে বাধ্য হন। তবে রহমত ব্যবসায় করে শহরে গাড়ি-বাড়ির মালিক হন।

**১৭. অলক পৈত্রিক পেশা বেছে নেওয়ার কারণ কী?**
ক জাতিবর্ণ প্রথা  খ শ্রেণি মর্যাদা
গ সামাজিক শ্রেণি  ঘ সামাজিক স্থিতিশীলতা

**১৮. রহমতের মর্যাদা এখানে–**
i. আরোপিত
ii. অর্জিত
iii. বংশভিত্তিক নয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**১৯. সততা, ন্যায়পরায়ণতা, সত্যবাদিতা ইত্যাদি গুণগুলো সামাজিকীকরণের কোন মাধ্যমে রপ্ত করা যায়?**
ক ধর্ম  খ আইন
গ গণমাধ্যম  ঘ খেলার সাথি

**২০. 'Politics' গ্রন্থের রচয়িতা কে?**
ক প্লেটো  খ নিবয়ের
গ অ্যারিস্টটল  ঘ সরোকিন

**২১. কোনটি সমাজের প্রত্যাশিত বা স্বাভাবিক আচরণ নয়?**
ক বড়দের সম্মান করা
খ বিচ্যুতিমূলক আচরণ করা
গ ছোটদের স্নেহ করা
ঘ ধর্মীয় রীতিনীতি মেনে চলা

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২২নং প্রশ্নের উত্তর দাও :**
লালন দশম শ্রেণিতে পড়ে। অসৎ বন্ধুদের প্ররোচনায় সে মাদকাসক্ত এবং একসময় ছোটখাটো চুরির মতো কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে।

**২২. উদ্দীপকের লালনের কর্মকাণ্ড কোন ধরনের অপরাধ?**
ক সংগঠিত  খ ভদ্রবেশি
গ কিশোর  ঘ শিকারবিহীন

**২৩. সামাজিক নিয়ন্ত্রণের সর্বাধিক গুরুত্বপূর্ণ বাহন কোনটি?**
ক পরিবার  খ ধর্ম
গ লোকরীতি  ঘ শিল্পকলা

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :**
সীমা ও শিউলি দুই বোন। তারা যথাক্রমে নৃবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিষয়ে অধ্যয়নরত। দুই বোনের মাঝে বিষয়গত চিন্তাচেতনায় অনেক সাদৃশ্য লক্ষ করা যায়। আর এজন্য তারা পরস্পরকে পাঠ্য বিশ্লেষণে সহায়তা করতে পারে।

**২৪. শিউলির পঠিত বিষয়টির মূল প্রতিপাদ্য বিষয় কী?**
ক সমাজ  খ মানুষ
গ প্রাণী  ঘ পাখি

**২৫. উদ্দীপকের শিউলির পঠিত বিষয়টি যে ধরনের ভূমিকা পালন করে–**
i. সমাজের বাস্তবতা অনুধাবন না করা
ii. দায়িত্ব-কর্তব্য সম্পর্কে সচেতন
iii. সামাজিক সমস্যা চিহ্নিতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**২৬. নিচের কোনটি প্রাথমিক দল?**
ক রাষ্ট্র  খ বিশ্ববিদ্যালয়
গ ক্লাব  ঘ পরিবার

■ **নিচের উদ্দীপকটি পড়ে ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
সেলিম সম্প্রতি বিয়ে করে বাবা-মায়ের থেকে আলাদা হয়ে অন্যত্র বসবাস করছে।

**২৭. উদ্দীপকের সেলিমের পরিবার কোন ধরনের?**
ক মাতৃবাস  খ পিতৃবাস
গ নয়াবাস  ঘ দ্বৈতবাস

**২৮. সামাজিক পরিবর্তনের এলিট তত্ত্বটি কার?**
ক কার্ল মার্কস  খ ম্যাক্স ওয়েবার
গ মর্গান  ঘ প্যারেটো

**২৯. বই কোন ধরনের সংস্কৃতি?**
ক বস্তুগত  খ অবস্তুগত
গ লোকজ  ঘ গ্রামীণ

**৩০. দাসব্যবস্থায় কয়টি শ্রেণি বিদ্যমান?**
ক ২  খ ৩
গ ৪  ঘ ৫

# সকল বোর্ড ২০২১

সময় : ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. সমাজবিজ্ঞানের প্রধান আলোচ্য বিষয়—**
i. সমাজ
ii. পশুপাখি
iii. মানুষের পারস্পরিক সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২. হেনরি মর্গানের মতে সমাজ বিবর্তনের স্তর কয়টি?**
ক ৩ খ ৪ গ ৫ ঘ ৬

**৩. "আমরা যা তাই হলো সংস্কৃতি"— উক্তিটি কার?**
ক ম্যাকাইভার খ ডুর্খেইম
গ গিডিংস ঘ হবহাউস

**৪. দল যে ধরনের সংগঠন—**
i. কিছু লোকের সমষ্টি
ii. পারস্পরিক মিথস্ক্রিয়া
iii. পেশাভিত্তিক গোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৫. পরিবার গঠনের পূর্বশর্ত কী?**
ক সমাজ খ সংঘ
গ বিবাহ ঘ দল

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
গতবার পূজায় উচ্চবংশের রবিন তার বন্ধু নিম্নবংশের সাধন কর্মকারকে নিমন্ত্রণ করে বাড়িতে নিয়ে যায়। রবিনের মা পূজা উৎসবে বাড়িতে সাধনের আসার বিষয়টিকে ভালোভাবে নিতে পারেননি। এক পর্যায়ে তিনি রবিনকে ডেকে বললেন, তুমি সাধনকে পূজায় নিমন্ত্রণ না করলেও পারতে।

**৬. উদ্দীপকে রবিনের মার মানসিকতা সামাজিক স্তরবিন্যাসের কোন প্রকরণকে ইঙ্গিত দেয়?**
ক এস্টেট প্রথা খ দাসপ্রথা
গ জাতি বর্ণপ্রথা ঘ সামাজিক শ্রেণি

**৭. উক্ত প্রকরণটির বৈশিষ্ট্য হলো—**
i. এই প্রথায় অন্তর্বিবাহ স্বীকৃত
ii. এই প্রথায় মর্যাদার পরিবর্তন সম্ভব
iii. এটা একটা পেশাভিত্তিক গোষ্ঠী
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. অগাস্ট কোঁৎ সমাজবিজ্ঞানকে মনে করেন—**
i. সামাজিক স্থিতিশীলতার বিজ্ঞান
ii. সামাজিক পরিবর্তনশীলতার বিজ্ঞান
iii. সামাজিক গতিশীলতার বিজ্ঞান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৯. 'Kin' শব্দটির বাংলা পরিভাষা কী?**
ক আত্মীয় খ সঙ্গী গ বন্ধু ঘ বংশ

**১০. সংঘ গড়ে ওঠে—**
ক মানুষের ইচ্ছার মাধ্যমে
খ জন্মের পূর্বে
গ মানুষের অনিচ্ছার মাধ্যমে
ঘ আত্মীয়দের মাধ্যমে

**১১. পাত্র-পাত্রীর স্বাধীন ইচ্ছার ভিত্তিতে সংঘটিত বিবাহ হলো—**
ক লেভিরেট খ সরোরেট
গ বহু স্ত্রী বিবাহ ঘ রোমান্টিক বিবাহ

■ **উদ্দীপকটি পড়ে ১২নং প্রশ্নের উত্তর দাও :**
ভাইয়ের তুলনায় মেধাবী হওয়া সত্ত্বেও আর্থিক সংকটের কারণে ঋতুর বাবা ঋতুর পড়ালেখা বন্ধ করে দেন। কিন্তু তার ভাইয়ের পড়ালেখা চালিয়ে যান।

**১২. উদ্দীপকে কোন ধরনের সামাজিক অসমতা লক্ষ করা যায়?**
ক বয়সভিত্তিক খ লিঙ্গভিত্তিক
গ ক্ষমতাভিত্তিক ঘ মেধাভিত্তিক

**১৩. সংস্কৃতির বৈশিষ্ট্য হচ্ছে—**
i. সংস্কৃতি মানুষকে একত্রিত করে
ii. সংস্কৃতি শিক্ষণীয় বিষয়
iii. সংস্কৃতি অর্জন করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৪. মানুষ জন্ম থেকে মৃত্যু অবধি কোথায় অবস্থান করে?**
ক সম্প্রদায়ে খ পরিবারে
গ আত্মীয়দের বাড়িতে ঘ রাষ্ট্রে

**১৫. ভারতীয় হিন্দু সমাজে জাতিবর্ণের ধরন কয়টি?**
ক ৩ খ ৪
গ ৫ ঘ ৬

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :**
রসুলপুরের মানুষের চিন্তাচেতনা আবেগ-অনুভূতি, ইচ্ছা-অনিচ্ছা, আশা-আকাঙ্ক্ষা ও অন্যান্য দৃষ্টিভঙ্গির বেশ পরিবর্তন ঘটেছে। এ এলাকার মানুষের স্বাভাবিক উন্নয়নের পাশাপাশি সামাজিক অবস্থারও আমূল পরিবর্তন ঘটেছে।

**১৬. কোনটির প্রভাবে রসুলপুরের সামাজিক পরিবর্তন ঘটেছে?**
ক জৈবিক উপাদান খ প্রযুক্তিগত উপাদান
গ মনস্তাত্ত্বিক উপাদান ঘ অর্থনৈতিক উপাদান

**১৭. উক্ত প্রভাবে মানুষের মধ্যে—**
i. ব্যক্তিস্বাতন্ত্র্যের ধারণা হয়
ii. অনুকরণপ্রিয়তা বৃদ্ধি পায়
iii. রুচিবোধের পরিবর্তন হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**১৮. 'The Republic' গ্রন্থের রচয়িতা কে?**
ক কার্ল মার্কস খ ভিকো
গ এরিস্টটল ঘ প্লেটো

**১৯. 'Casta' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক ইংরেজি খ রোমান
গ স্প্যানিশ ঘ গ্রিক

■ **উদ্দীপকটি পড়ে ২০নং প্রশ্নের উত্তর দাও :**
দিনমজুর করিমের ছেলে মনির বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ম্যাজিস্ট্রেট হয়েছে।

**২০. উদ্দীপকে মনিরের এই অবস্থান কোন ধরনের গতিশীলতাকে নির্দেশ করে?**
ক আনুভূমিক খ আরোপিত
গ উর্ধ্বমুখী উল্লম্বী ঘ নিম্নমুখী উল্লম্বী

**২১. সমাজ পরিবর্তনের ক্ষেত্রে সামাজিক বিবর্তনের তত্ত্বটি কার?**
ক কার্ল মার্কস খ ইবনে খালদুন
গ অগাস্ট কোঁৎ ঘ হার্বার্ট স্পেন্সার

**২২. সমাজবিজ্ঞানের উৎপত্তি হয় কত সালে?**
ক ১৭৯৮ খ ১৮১৮ গ ১৮৩৯ ঘ ১৯৩৯

**২৩. কোন মনীষীকে সমাজবিজ্ঞানের জনক বলে অভিহিত করা হয়?**
ক অগাস্ট কোঁৎ খ ইবনে খালদুন
গ ম্যাকিয়াভেলি ঘ হার্বার্ট স্পেন্সার

**২৪. সমাজবিজ্ঞানকে বলা হয়—**
ক মূল্যবোধভিত্তিক বিজ্ঞান
খ বস্তুনিষ্ঠ বিজ্ঞান
গ আদর্শনিষ্ঠ বিজ্ঞান
ঘ ব্যবহারিক বিজ্ঞান

**২৫. নৃবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী?**
ক সমাজ খ সম্প্রদায়
গ মানুষ ঘ সামাজিকীকরণ

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
হুমায়ুন আহমেদ আমাদের সবার নিকট একজন সুপরিচিত সাহিত্যিক। তাঁর বিভিন্ন নাটক, উপন্যাসে বাঙালির অতীত, বর্তমান প্রথা-পদ্ধতি, আচার-আচরণ প্রতিফলিত হয়েছে। যুগ যুগ ধরে এগুলো আমাদের ঐতিহ্যের ধারক ও বাহক।

**২৬. হুমায়ুন আহমেদের কর্মপ্রচেষ্টা সমাজবিজ্ঞানের কোন বিষয়ের ইঙ্গিত প্রদান করে?**
ক দল খ পরিবার গ সংঘ ঘ সংস্কৃতি

**২৭. উক্ত বিষয়টি প্রভাব বিস্তার করে—**
i. সংগীত শেখার ক্ষেত্রে
ii. অবস্তুগত সংস্কৃতির ক্ষেত্রে
iii. সামাজিক রীতিনীতির ক্ষেত্রে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৮. এস্টেট প্রথায় সামাজিক শ্রেণি বলতে—**
i. ভূমি মালিক বা অভিজাত শ্রেণি
ii. যাজক শ্রেণি
iii. ভূমিদাস শ্রেণি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :**
সাবের সাহেব তাঁর স্ত্রী ও এক সন্তান নিয়ে শহরে বসবাস করেন। একদা তাঁর স্ত্রী মরিয়ম বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে মারা যান। তাঁদের একমাত্র সন্তান রাহাতকে দেখভালের জন্য সাবের সাহেব মরিয়মের ছোট বোনকে বিবাহ করেন।

**২৯. সাবের সাহেবের পরিবারটি কী ধরনের পরিবারের ইঙ্গিত দেয়?**
ক একক পরিবার খ যৌথ পরিবার
গ মাতৃতান্ত্রিক পরিবার ঘ মাতৃবাস পরিবার

**৩০. উদ্দীপকে উল্লিখিত বিবাহের ফলে—**
i. সন্তান লালন-পালনের সুবিধা
ii. আত্মীয়তার বন্ধন অটুট রাখা
iii. বৈবাহিক সম্পর্ক স্থায়ী হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

# শীর্ষস্থানীয় কলেজসমূহের নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 1 7

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ রাফি একটি প্রতিষ্ঠানের কর্মী। সে একটি উপজাতি সম্প্রদায়ের পরিবার ও তাদের বিবাহ সম্বন্ধে জানতে চায়। এই বিষয়ে জানার জন্য সে সমাজবিজ্ঞানের সহায়তা নেয়।

ক. সামাজিক বিজ্ঞানের মধ্যে সর্বকনিষ্ঠ বিজ্ঞান কোনটি? ১
খ. নৃবিজ্ঞান কাকে বলে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে রাফির জানার আগ্রহের বিষয়টি সমাজবিজ্ঞানের কোন পরিধির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজবিজ্ঞানের পরিধি উদ্দীপকের পরিধির বাহিরেও বিস্তৃত– বিশ্লেষণ কর। ৪

২ ▶ প্রদত্ত চিত্রের তথ্যের আলোকে প্রশ্নসমূহের উত্তর দাও :




ক. সামাজিক পরিবর্তনের গতি কেমন? ১
খ. সংস্কৃতি সামাজিক পরিবর্তন ঘটায়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তত্ত্বটি কোন মৌল প্রত্যয়ের তত্ত্বটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের তত্ত্বটি বাস্তবসম্মত বিশ্লেষণ কর। ৪


৩ ▶ দুই বন্ধু মালেক ও সাবের।
সাবেরের পঠিত বিষয়–সমাজ ও মানুষ সম্পর্কিত
মালেকের – রাষ্ট্র, সরকার, ক্ষমতা ইত্যাদি সম্পর্কিত।

ক. ম্যাকিয়াভেলি কে ছিলেন? ১
খ. অগাস্ট কোঁৎকে সমাজবিজ্ঞানের জনক কেন বলা হয়? ব্যাখ্যা কর। ২
গ. মালেকের বিষয়টি কোন সামাজিক বিজ্ঞানের অংশ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সাবেরের বিষয়টি কোন সামাজিক বিজ্ঞানের অংশ? উভয় বিজ্ঞানের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সোহেল কাজলা নামক গ্রামে বসবাস করে। তাদের এলাকার জনগোষ্ঠীর মধ্যে মিল-অমিল থাকলেও নিজেদের মৌলিক চাহিদাসমূহ তারা একতাবদ্ধ ও সমষ্টিগতভাবে সহযোগিতায় রত। পরস্পরের ওপর নির্ভরশীল সচেতন এ মানুষগুলোর মধ্যকার সম্পর্কসমূহ জালের মতো ছড়িয়ে আছে।

ক. কোনটিকে সভ্যতার মূল চালিকাশক্তি বলা হয়? ১
খ. মুখ্যদল বলতে কী বোঝ? ২
গ. পারস্পরিক সম্পর্ক ও সহযোগিতায় গড়ে ওঠা শিহাবের এলাকাটি কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়টির বৈশিষ্ট্য ও কার্যাবলি বিশ্লেষণ কর। ৪

৫ ▶




ক. সংস্কৃতি কোন ধরনের আচরণ? ১
খ. ব্যক্তিজীবনে বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে [?] সমাজে প্রভাব বিস্তারকারী কোন উপাদানটির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত উপাদানটি সমাজব্যবস্থায় নানাভাবে প্রভাবিত করছে– বিশ্লেষণ কর। ৪


৬ ▶ শরীফ সাহেব একজন পদস্থ কর্মকর্তা। তার দুই সন্তান একজন বুয়েটে এবং অন্যজন ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়ে। স্ত্রী ও সন্তানদের নিয়ে তিনি রামপুরায় বসবাস করেন। তিনি একটি সামাজিক সংগঠনের অন্তর্ভুক্ত। উক্ত সংগঠনটির অস্তিত্ব সার্বজনীন এবং এটি শারীরিক ও মানসিক নিরাপত্তা প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

ক. অনুলোম বিবাহ কাকে বলে? ১
খ. জৈবিক ও বৈবাহিক জ্ঞাতিসম্পর্ক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত সামাজিক সংগঠনটি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সংগঠনটি সমাজসংস্কারের মূলভিত্তি –বিশ্লেষণ কর। ৪

৭ ▶ সেতুর বয়স ৮ বছর। সে মুরব্বিদের দেখলে সালাম দেয়। কেউ খারাপ কাজ করলে সে তাদেরকে নিষেধ করে। সেতুর বাবা-মা ছোটবেলা থেকেই সেতুকে আদব-কায়দা শিক্ষা দিয়েছেন।

ক. বিশ্বায়নের মূলকথা কী? ১
খ. সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া। –ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সেতুর এমন ব্যবহারের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. সেতুর পরিবার সেতুকে আদর্শ মানুষ হিসেবে গড়ে তুলতে সামাজিকীকরণ সাহায্যে করে– বিশ্লেষণ কর। ৪

৮ ▶




ক. [?] স্থানে কী বসবে? ১
খ. প্রাচীন সমাজের স্তরবিন্যাস কীরূপ ছিল? ২
গ. উদ্দীপকে কোনটি প্রাচ্যে ও পাশ্চাত্যে ভিন্ন ছিল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কোনটি ইউরোপের সমাজে দেখা যায়? উক্ত স্তরটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ঘটনা-১ : মোহাম্মদপুর এলাকায় একটি ফ্ল্যাটে মুখোশধারী একদল লোক অস্ত্রের মুখে জিম্মি করে ১০ ভরি স্বর্ণালংকার ও নগদ ৯০ হাজার টাকা নিয়ে যায়।

ঘটনা-২ : সোহেল বড়দের সালাম দেয় না, মা-বাবার কথা শুনে না এবং স্কুলেও ঠিকমতো যায় না।

ক. কিশোর অপরাধ কাকে বলে? ১
খ. অপরাধ প্রতিরোধে সুষ্ঠু পারিবারিক পরিবেশ অপরিহার্য –ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ঘটনা-১ কোন ধরনের অপরাধ? অপরাধের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনা-২ কোন ধরনের মৌল প্রত্যয়? ঘটনা-১ ও ঘটনা-২ এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১০ ▶ A = আদিম সমাজ থেকে বর্তমান সমাজ
B = যাযাবর মানুষরা স্থায়ীবসতি করে, পশুপালন করে এবং কৃষিকাজ শুরু করে।

ক. প্রগতি কাকে বলে? ১
খ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে– বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকে A কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে B কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? A ও B-এর মধ্যে পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মামুন বিয়ে করে তার স্ত্রীকে নিয়ে ঢাকায় বসবাস করে। তার বোন বিয়ের পর তাদের বাড়িতে থাকে।

ক. প্রতিষ্ঠান কাকে বলে? ১
খ. সময়ের পরিবর্তনের সাথে পরিবারের ধরনও পরিবর্তন হচ্ছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের বিবাহকে চিহ্নিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান সমাজে কোন ধরনের বিবাহ প্রচলিত? উক্ত বিবাহ জনপ্রিয় হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

# বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা


সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রতনপুরের আমিনুল ইসলামের দুটি ছেলে। বড় ছেলে সবুজ ঢাকায় পড়াশোনা করে। আর ছোট ছেলে লাল প্রাইমারি স্কুল পাসের পর বাবার ক্ষেত খামার দেখাশোনা করে। পড়ালেখা শেষ করে সবুজ একটি চাকরি পাওয়ায় স্ত্রী সহ সেখানেই বসবাস শুরু করে। অন্যদিকে, লাল এক কৃষক পরিবারে বিয়ে করে স্ত্রীসহ নিজ পিতার বাড়িতেই বসবাস করতে থাকে।

ক. ম্যাকাইভারের মতে, সম্প্রদায়ের ভিত্তি কয়টি? ১
খ. বর্ণনামূলক জ্ঞাতিসম্পর্ক বলতে কী বোঝ? ২
গ. বিবাহোত্তর বাসস্থানের ভিত্তিতে লাল যে পরিবার গঠন করেছে তার ব্যাখ্যা দাও। ৩
ঘ. শিক্ষার প্রসার ও নগরায়ণের প্রভাবে আমিনুল ইসলামের পরিবারটি ক্রমান্বয়ে পরিবারের নতুন রূপ পরিগ্রহ করেছে— উদ্দীপকের আলোকে এর কারণ ব্যাখ্যা কর। ৪

২ ▸





ক. সামাজিক গতিশীলতাকে কয়টি ভাগে ভাগ করা যায়? ১
খ. সংঘ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের চিত্র 'ক' ও চিত্র 'খ'-এ কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে তার প্রকৃত রূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলোর মধ্যকার বৈসাদৃশ্যমূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৩ ▸ রানা ও সোমার মা-বাবা সরকারি চাকরিজীবী। দিনের বেলায় অফিসের কাজের জন্য সন্তানদের সময় দিতে পারে না। বাড়ি ফেরার পর অধিকাংশ সময়ই তাদের মা-বাবা ঝগড়ায় লিপ্ত হন। সোমা পড়ালেখায় নিয়মিত হলেও ষোলো বছর বয়সী রানা পাড়ার খারাপ ছেলেদের সাথে ঘুরে বেড়ায়। স্কুলে ঠিকমতো যায় না এবং পড়ালেখায় অমনোযোগী।

ক. সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি? ১
খ. সামাজিকীকরণে শিক্ষা প্রতিষ্ঠান কীভাবে ভূমিকা পালন করে? ২
গ. উদ্দীপকের রানার সামাজিকীকরণের ক্ষেত্রে যে ভূমিকা অনুপস্থিত তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে রানাকে সুস্থ পথে ফিরিয়ে আনতে যা যা করণীয় বলে মনে কর, যুক্তি দাও। ৪

৪ ▸




ক. "উঁচু-নীচু শ্রেণির ক্রমানুসারে সংগঠিত জনসংখ্যার মধ্যে বিদ্যমান বিভিন্নতাই সামাজিক স্তরবিন্যাস" — উক্তিটি কার? ১
খ. দাসপ্রথা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে "?" চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনের ইঙ্গিত পাওয়া যায় তার বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. আধুনিক সমাজে ভিন্ন ধরনের সামাজিক স্তরবিন্যাস লক্ষণীয়– ব্যাখ্যা কর। ৪

৫ ▸ জামাল সাহেব একজন ধনী ব্যক্তি হিসেবে এলাকায় পরিচিত। তার বিভিন্ন ব্যবসার পাশাপাশি দুটি বেকারিও রয়েছে। কিন্তু তার বেকারিতে খাদ্যদ্রব্যে ভেজাল মেশানো হয়। এছাড়া তার বিরুদ্ধে দুর্নীতি ও আয়কর ফাঁকি দেওয়ার অভিযোগও রয়েছে।

ক. বিচ্যুতিমূলক আচরণ কী? ১
খ. বিচ্যুতিমূলক আচরণ ও অপরাধের মধ্যে পার্থক্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে জামাল সাহেবের কর্মকাণ্ড কোন ধরনের অপরাধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জামাল সাহেবের অপরাধের কারণ বিশ্লেষণ কর। ৪


৬ ▸ সামাজিক পরিবর্তনের বিষয়ক এ সেমিনারে প্রধান বক্তা খালিদ হাসান বলেন, মানব সমাজ স্থিতিশীল নয়। বরং বৈচিত্র্যময় ও পরিবর্তনশীল। সামাজিক পরিবর্তনে বিভিন্ন উপাদান ভূমিকা পালন করে। তিনি আরও বলেন, বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ হলেও এ দেশের সমাজব্যবস্থা ক্রমশ শিল্পায়ন ও নগরায়ণের দিকে ধাবিত হচ্ছে। সময়ের পরিবর্তনের সাথে সাথে এখানকার সামাজিক পরিবর্তন সাধিত হচ্ছে। প্রতিটি সমাজে সমাজ পরিবর্তনের ধারা প্রবাহমান।

ক. উন্নয়ন কী? ১
খ. সামাজিক পরিবর্তনের ভৌগোলিক কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে খালিদ হাসানের বর্ণনায় সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে যেসব উপাদান গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে সেগুলো বিশ্লেষণ কর। ৩
ঘ. বাংলাদেশের সামাজিক পরিবর্তনের যেসব ধারা প্রবাহিত রয়েছে বলে তুমি মনে কর তা আলোচনা কর। ৪

৭ ▸ তাহসিন তার বাবা-মার সাথে ঢাকায় একটি ফ্ল্যাটে বসবাস করে। তাহসিনের পরিবারে তার বাবাই প্রধান। অন্যদিকে, তাহসিনের বন্ধু সামি গ্রামে বাস করে। সামিদের পরিবারে দাদা-দাদি, বাবা-মা, চাচা-ফুপুসহ সদস্য সংখ্যা হলো ১০ জন। সামিদের পরিবারে সামির দাদা হলো প্রধান।

ক. পরিবার কাকে বলে? ১
খ. লেভিরেট বিবাহ ও সরোরেট বিবাহ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে তাহসিনের ও সামির পরিবারের ধরন ব্যাখ্যা কর। ৩
ঘ. তাহসিন ও সামির পরিবারের মধ্যে কোন পরিবারটি পরিবারের সকল কাজ সুন্দরভাবে সম্পাদন করে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

৮ ▸




ক. Caste কী? ১
খ. সামাজিক অসমতা বলতে কী বোঝ? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ছকের "?" চিহ্নিত স্থানে সমাজতত্ত্বের কোন প্রত্যয়টি নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমাজতাত্ত্বিক প্রত্যয়টি ছাড়া পৃথিবীর কোনো সমাজকে কল্পনা করা যায় না– তুমি কি এই বক্তব্যের সাথে একমত? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯ ▸ রহিম সাহেব তার ছেলেকে নিয়ে সিটি সেন্টারে গেলেন। রহিম সাহেবের ছেলে শরিফ জিজ্ঞেস করল, এত বড় ভবন কী করে গড়ে উঠেছে। রহিম বললেন, কোনো ভবন গড়ে ওঠে তার কাঠামোর ওপর ভিত্তি করে। ইট, বালি, রড, সিমেন্ট দিয়ে তৈরি হয় ভবন। তেমনি সমাজ কাঠামো হলো যে কাঠামোর ওপর ভিত্তি করে সমাজব্যবস্থা গড়ে ওঠে। ভবনের মতো সমাজ কাঠামোও নানাবিধ উপাদান দ্বারা গঠিত।

ক. সংঘ কী? ১
খ. সমাজের বৈশিষ্ট্য ও কার্যাবলি উল্লেখ কর। ২
গ. উদ্দীপকের আলোকে সমাজ কাঠামোর মূল বিষয়টি ব্যাখ্যা কর। ৩
ঘ. ভবনের মতো সমাজ কাঠামো ও নানাবিধ উপাদান দ্বারা গঠিত– তোমার কী মনে হয়? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

১০ ▸ তপনের বয়স ১৪ বছর। সে তার বাবা-মার সাথে ঢাকার একটি বস্তিতে থাকে। সেখানে খেলাধুলা করার মতো কোনো সুযোগ নেই। ওই বস্তিতে অনেকেই ইয়াবা ব্যবসার সাথে জড়িত। তাদের দেখাদেখি তপনও একসময় ইয়াবা ব্যবসার সাথে জড়িয়ে পড়ে।

ক. কিশোর অপরাধের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. বিচ্যুতি থেকেই অপরাধের জন্ম হয়– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অপরাধের কোন চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কারণটিকে কি তুমি অপরাধের একমাত্র কারণ বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▸ জুয়েল সাহেব হুট করে অসুস্থ হয়ে পড়লে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হয়। অপারেশনের পূর্বেই ডাক্তার আধুনিক যন্ত্রের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা করেন। এরপর সার্জারি করার সময়ও তিনি বিভিন্ন যন্ত্রপাতির ব্যবহারের মাধ্যমে সফলভাবে অপারেশন সম্পন্ন করে।

ক. "Social deviance"-এর বাংলা প্রতিশব্দ কী? ১
খ. অপরাধ দমনে গণমাধ্যমের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকের জুয়েল সাহেবের চিকিৎসার ক্ষেত্রে সামাজিক পরিবর্তনের কোন কারণটির প্রভাব পরিলক্ষিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কারণটি সামাজিক পরিবর্তনের একমাত্র কারণ নয়" — তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

# রাজশাহী কলেজ, রাজশাহী

বিষয় কোড : 1 1 7

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ হেলাল ও জাকির দুই বাল্যবন্ধু একই বিশ্ববিদ্যালয়ে পড়ে। তবে তাদের অধ্যয়নের বিষয় আলাদা, হেলাল যে বিষয়ে পড়ে সেটার আলোচ্য বিষয় হলো মানুষ ও সমাজ। আর জাকির যে বিষয়ে পড়ে সেটার আলোচ্য বিষয় হলো মানব আচরণ। তাদের অধ্যয়নকৃত বিষয় দুটির মধ্যকার সম্পর্কের ভিত্তিতে আবার পৃথকভাবে নতুন একটি অধ্যয়নের বিষয় গড়ে উঠেছে।

ক. 'The Ethics' গ্রন্থের লেখক কে? ১
খ. সমাজবিজ্ঞান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের শেষাংশে ইঙ্গিতকৃত অধ্যয়ন শাস্ত্রটি সম্পর্কে ধারণা দাও। ৩
ঘ. 'হেলাল ও জাকিরের অধ্যয়নকৃত বিষয় দুটির মধ্যে আংশিক সম্পর্ক রয়েছে'– তুমি কি এ উক্তিটির সাথে একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▸ নিচের 'ক' এবং 'খ' অংশ দুটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :
ক : একদল তরুণ শিক্ষার্থী প্রাচীন মানবসভ্যতার বিকাশ ধারা সম্পর্কে জানতে একটি জাদুঘর পরিদর্শন করতে যায়। সেখানে তারা ব্যক্তি, মানব, তার অবয়বের ঘটনা, বিভিন্ন প্রজাতির জাতিরূপ ও তাদের প্রকৃতি ও সংস্কৃতি সম্পর্কে জানতে পারে।
খ : অপর একদল তরুণ শিক্ষার্থী একটি সেমিনারে অংশগ্রহণ করে আধুনিক নগরজীবন ও গ্রামীণ সমাজ সম্পর্কে জানতে পারে। সেমিনারে বক্তারা সামাজিক বিভিন্ন প্রতিষ্ঠান ও বিভিন্ন সমস্যাকেন্দ্রিক আলোচনাও করেন।

ক. সমাজবিজ্ঞানের আদি প্রতিষ্ঠাতা কে? ১
খ. সামাজিক গতিশীলতা বলতে কী বোঝ? ২
গ. 'ক' এবং 'খ' এর মধ্যকার পারস্পরিক সম্পর্ক নিরূপণ কর। ৩
ঘ. 'ক' এবং 'খ' এর মধ্যে পার্থক্য থাকলেও পরস্পর পরস্পরের পরিপূরক– বক্তব্যের যথার্থতা যাচাই কর। ৪

৩ ▸ সুসান শান্তিপুর গ্রামে বাস করে। সে ছোটবেলা থেকেই লক্ষ করে আসছে যে তার গ্রামের মানুষ ধনী-গরিব নির্বিশেষে একসাথে মিলেমিশে বসবাস করে। তারা কখনোই নিজের মধ্যে দ্বন্দ্বে লিপ্ত হয় না বরং কখনো সাময়িক দ্বন্দ্ব-সংঘাত দেখা দিলে তাৎক্ষণিকভাবে মিটিয়ে ফেলে। সবাই একে অন্যের প্রয়োজনে এগিয়ে আসে। একসাথে আমোদ-প্রমোদের ব্যবস্থা করে। এসব দেখে সুসান ভাবে গ্রামের অবস্থার সাথে শান্তিপুর নামটা একেবারেই মিলে গেছে।

ক. জাতিবর্ণ কী? ১
খ. সামাজিকীকরণ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের সমাজে যেসব কার্যাবলি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর একটি সমাজের কার্যাবলি উদ্দীপকে উল্লিখিত কার্যাবলির মধ্যেই সীমাবদ্ধ থাকে? তোমার নিজ সমাজের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মালিহা সমাজ সম্পর্কে ধারণা নিতে গিয়ে একটি বইয়ে লক্ষ করল, হার্বার্ট স্পেন্সার সমাজকে চার শ্রেণিতে বিভক্ত করেছেন। আবার একই বইয়ের অন্য পৃষ্ঠায় দেখল আরো কয়েকজন সমাজবিজ্ঞানী পৃথক পৃথকভাবে সমাজের বিভিন্ন শ্রেণিতে বিভক্ত করেছেন। সে পরে সমাজবিজ্ঞান ক্লাসে তার শিক্ষককে এর কারণ জিজ্ঞেস করল। শিক্ষক উত্তরে বললেন, সমাজের এরূপ শ্রেণিবিভাগের কারণ হলো সমাজবিজ্ঞানীদের নিজস্ব দৃষ্টিভঙ্গি।

ক. সমাজবিজ্ঞানের মূল প্রতিপাদ্য বিষয় কী? ১
খ. প্রথা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মালিহা প্রথমেই সমাজের যে শ্রেণিবিভাগ সম্পর্কে জানতে পেরেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে শিক্ষকের বক্তব্যকে তুমি কি সমর্থন কর? উত্তরের সপক্ষে যুক্তি তুলে ধর। ৪

৫ ▸ রফিক তার তিন ভাই, দুই বোন ও মা-বাবাসহ গ্রামে বাস করত। রফিক বিয়ে করে চাকরিসূত্রে শহরে বসবাস শুরু করে। তার ভাইদেরকেও একে একে চাকরির আশায় শহরে নিয়ে আসে এবং তারা আলাদা বাসা ভাড়া করে থাকে। বোনদের বিয়ে হয়ে গেলে শুধু তার বৃদ্ধ বাবা-মা গ্রামের বাড়িতে বসবাস করছে।

ক. প্রতিষ্ঠান কী? ১
খ. কাল্পনিক জ্ঞাতি বলতে কী বোঝ? ২
গ. রফিকের গ্রামের পরিবারটি ভেঙে যাওয়ার আর্থসামাজিক কারণ বিশ্লেষণ কর। ৩
ঘ. রফিকের শহরের পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৪

৬ ▸ সাদিকুল সাহেবের দুই ছেলে শফিক ও ফারুক পড়াশোনা শেষ করার পর বিবাহ করে। এদের মধ্যে শফিক একটি শহরে সরকারি চাকরি করায় সে স্ত্রীসহ সেখানেই বসবাস শুরু করে। অন্যদিকে ফারুক এক কৃষক পরিবারে বিবাহ করে এবং বিশেষ একটি কারণে শ্বশুরালয়ে বাস করে।

ক. পরিবারের জৈবিক কাজ কী? ১
খ. পরিবারকে শিশুর প্রাথমিক শিক্ষায়তন বলা হয় কেন? ২
গ. বিবাহোত্তর বাসস্থানের ভিত্তিতে ফারুক যে পরিবার গঠন করেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষার প্রসার ও নগরায়ণের প্রভাবে শফিকের পরিবার ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে– উদ্দীপকের আলোকে এর কারণ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ জাফর আহমেদ 'ধানসিঁড়ি' নামক একটি প্রযোজনা প্রতিষ্ঠানের পরিচালক। তিনি বিভিন্ন সঙ্গীতের আসর, সাহিত্য আসর, কুইজ প্রতিযোগিতাসহ সমাজের বিভিন্ন ঘটনা প্রবাহ নিয়ে ম্যাগাজিন অনুষ্ঠান প্রযোজনা করেন। তিনি অভিনেতাদের পোশাক-পরিচ্ছদসহ অন্যান্য ক্ষেত্রে পশ্চিমা রীতির চেয়ে দেশীয় রীতিকেই বেশি প্রাধান্য দেন।

ক. সংস্কৃতি কী? ১
খ. ভৌগোলিক উপাদান বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে জাফর আহমেদের প্রযোজনা প্রতিষ্ঠানটি সমাজজীবন গঠনের কোন উপাদানের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত উপাদানের প্রভাবসমূহ মূল পাঠের আলোকে বিশ্লেষণ কর। ৪

৮ ▸ প্রতি শুক্রবার ফারাবি তার বাবার সাথে মসজিদে জুমার নামায আদায় করতে যায়। তার মতো আরও কয়েকজন শিশু মসজিদে আসে। তাদের সাথে ফারাবির খুব ভালো বন্ধুত্ব গড়ে উঠেছে। তারা সবসময় একসাথে খেলাধুলা করে এবং একে অপরকে সাহায্য করে।

ক. সামাজিক দর্পণ হিসেবে কাজ করে কী? ১
খ. অন্তর্মুখী ব্যক্তিদের জন্য সামাজিক-সাংস্কৃতিক অনুষ্ঠান কীভাবে সহায়ক ভূমিকা রাখে? ২
গ. ফারাবির সামাজিকীকরণে কোন মাধ্যমটির ভূমিকা লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ফারাবির বেড়ে ওঠার পিছনে সামাজিকীকরণের অন্য মাধ্যমগুলোরও সক্রিয় ভূমিকার প্রয়োজন– বিশ্লেষণ কর। ৪

৯ ▸




ক. দৃষ্টবাদের জনক কে? ১
খ. 'সামাজিকীকরণের প্রধান মাধ্যম হলো পরিবার'– ব্যাখ্যা কর। ২
গ. ছকটি সামাজিক পরিবর্তনের কার তত্ত্বকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বর্তমান সমাজে উক্ত তত্ত্বের বাস্তবতা তুলে ধর। ৪

১০ ▸

| ছক-ক | ছক-খ |
|---|---|
| মূল্যবোধ পরিপন্থি আচরণ, সমাজের কাছে যা অপ্রত্যাশিত ও নিন্দনীয়, এ ধরনের আচরণকে নিয়ন্ত্রণ করা যায়। | আইন ভঙ্গমূলক আচরণ, কাজটি শাস্তিযোগ্য, আইন দ্বারা বিধিবদ্ধ। |

ক. ভৌগোলিক উপাদান কী? ১
খ. বিবর্তন এবং পরিবর্তনের পার্থক্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ছক-২ যে মৌল প্রত্যয়কে নির্দেশ করে তার প্রকারভেদ বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের ছক-১ যে মৌল প্রত্যয়কে নির্দেশ করে তার সাথে ছক-২ এর পার্থক্য বিশ্লেষণ কর। ৪

১১ ▸



ক. কোন অঞ্চল মানুষের বসবাসের উপযোগী? ১
খ. বংশগতি বলতে কী বোঝায়? ২
গ. উপরের ছকে 'ক' চিহ্নিত স্থানে সমাজজীবনে প্রভাব বিস্তারকারী যে উপাদানটির ইঙ্গিত রয়েছে তা বর্ণনা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উক্ত উপাদানটি সমাজব্যবস্থাকে নানাভাবে প্রভাবিত করে? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

# সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রিয়ার বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বিষয়টির মূল আলোচ্য বিষয় মূলত সমাজ, সামাজিক সম্পর্ক, সমাজকাঠামো, সামাজিক প্রতিষ্ঠান ইত্যাদি। অন্যদিকে তার বন্ধু ফাইজা যে বিষয়টিতে অধ্যয়ন করে, তার মূল আলোচ্য বিষয় মানুষ তার উদ্ভব ও বিকাশ, মানুষের দৈহিক গড়ন ও সংস্কৃতির ভিন্নতা।

ক. 'সমাজবিজ্ঞান হলো অনুষ্ঠান-প্রতিষ্ঠানের বিজ্ঞান'–সংজ্ঞাটি কার? ১
খ. 'সমাজবিজ্ঞান হলো মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান' –বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে ফাইজার অধ্যয়নকৃত বিষয় কোনটি বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৩
ঘ. রিয়ার অধিত বিষয়টির ব্যাপকতা গভীর –বিশ্লেষণ কর। ৪

২ ▸ মনির দিনমজুরের ছেলে হয়েও উচ্চশিক্ষিত হয়ে বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। অপরদিকে একই গ্রামের প্রধান শিক্ষক করিম সাহেবের ছেলেটি বখে গিয়ে পিতার মানসম্মান ধুলিসাৎ করেছে।

ক. 'Social Organization' গ্রন্থটির লেখক কে? ১
খ. বস্তুগত সংস্কৃতি বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে প্রথম ঘটনাটি সামাজিক গতিশীলতার কোন ধরনের একটি উদাহরণ –ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে দ্বিতীয় ঘটনাটি সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়ের নির্দেশক বলে তুমি মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৩ ▸ পদ্মা তীরবর্তী একটি গ্রামের অধিকাংশ জনগণ দরিদ্র এবং তারা নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করে। তারা একতাবদ্ধভাবে বসবাস করে এবং একে অপরকে সাহায্য করে। বছরের পর বছর এ গ্রামের জেলেরা অভিন্ন আদর্শ ও রীতিনীতির ভিত্তিতে অসাম্প্রদায়িক চেতনায় উদ্বুদ্ধ হয়ে সহযোগিতার ভিত্তিতে বসবাস করছে।

ক. সংস্কৃতি কী? ১
খ. 'সামাজিক স্তরবিন্যাস সর্বজনীন' –ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে জনগোষ্ঠী সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত প্রত্যয়ের সাথে 'সমাজ' নামক প্রত্যয়ের মৌলিক পার্থক্যসমূহ বিশ্লেষণ কর। ৪


৪ ▸ রীনার বাবা-মা চাকরিজীবী। কাজের প্রয়োজনে অধিকাংশ সময় বাইরে থাকেন। রীনা তার ছোট ভাইকে নিয়ে স্কুল শেষে বাসায় দাদা-দাদির সাথে সময় কাটায়।

ক. বিবাহ কী? ১
খ. মাতৃতান্ত্রিক পরিবার বলতে কী বুঝ? ২
গ. রীনার দাদা-দাদি রীনাদের পরিবারের কোন ধরনের কার্যাবলি পালন করছেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. রীনার দাদা-দাদির অবর্তমানে রীনাদের কী ধরনের সমস্যা হতো বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫ ▸ রবি ও রনি দুই ভাই। রবি তার মামাতো বোনকে বিয়ে করে মামার বাড়িতে চলে যায় এবং সেখানেই বসবাস শুরু করে। বাবা-মার ইচ্ছানুযায়ী রনি তার ধনাঢ্য ফুফার একমাত্র মেয়েকে বিয়ে করে শহরে বসবাস শুরু করে।


ক. জ্ঞাতি সম্পর্ক প্রধানত কত প্রকার? ১
খ. অনুলোম বিবাহ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে রবির গঠিত পরিবার কোন ধরনের পরিবার– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সংগঠিত বিবাহভিত্তিক পরিবার সমাজজীবনে কী ভূমিকা রাখবে– যুক্তিসহ মতামত দাও। ৪

৬ ▸





ক. সংস্কৃতি কত প্রকার? ১
খ. সভ্যতা বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সমাজজীবনের কোন উপাদানটি প্রযোজ্য হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত উপাদানটির প্রভাব মূল্যায়ন কর। ৪

৭ ▸




ক. সামাজিক সংগঠনের ক্ষুদ্রতম একক কী? ১
খ. 'সামাজিকীকরণ জীবনব্যাপী প্রক্রিয়া' –বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন প্রক্রিয়াটি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ব্যক্তির ব্যক্তিত্ব বিকাশ প্রক্রিয়ায় উক্ত বিষয়ের ভূমিকা অপরিসীম' –তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▸





ক. সামাজিক অসমতা কী? ১
খ. স্তরবিন্যাস সকল সমাজে বিদ্যমান –ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন প্রত্যয়টি নির্দেশিত হয়েছে? ৩
ঘ. ছকে '?' চিহ্নিত স্থানে প্রযোজ্য প্রত্যয়টির যেকোনো একটি ধরন –বিশ্লেষণ কর। ৪

৯ ▸ ব্যবসায়ী বাবা ও অধ্যাপক মার একমাত্র ছেলে কাজল। বাবার পকেট থেকে না বলে টাকা নেওয়া ও ধুমপানে অভ্যস্ত হয়ে পড়ে সে ধীরে ধীরে এ গণ্ডি পেরিয়ে চুরি, ছিনতাই ও হত্যাকাণ্ডে জড়িয়ে পড়ে। এক হত্যার দায়ে কাজলের যাবজ্জীবন কারাদণ্ড হয়। কারাগারে তার আচার ব্যবহার ও চালচলন দেখে শর্তাধীনে স্বাভাবিক জীবনে অভ্যস্ত হতে এক কর্মকর্তার অধীনে রাখা হয়।


ক. ধর্মহীনতাই অপরাধের জন্য দায়ী –উক্তিটি কার? ১
খ. কিশোর অপরাধ বলতে কী বোঝ? উদাহরণ দাও। ২
গ. কাজলের ১ম পর্যায়ের কর্মকাণ্ডকে কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কাজলকে শর্তাধীনে স্বাভাবিক জীবনে অভ্যস্ত হওয়ার জন্য প্রতিরোধ নয় সংশোধনই অন্যতম উপায়– উক্তিটি মূল্যায়ন কর। ৪

১০ ▸




ক. বিচ্যুত আচরণ কী? ১
খ. সামাজিক নিয়ন্ত্রণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সমাজজীবনের কোন প্রত্যয়টি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত প্রত্যয়টি সংগঠিত হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

১১ ▸




ক. 'Social Deviance' শব্দটির বাংলা প্রতিশব্দ কী? ১
খ. 'সকল সামাজিক পরিবর্তন উন্নয়ন নয়' –বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সামাজিক পরিবর্তনের কোন তত্ত্বটি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে উক্ত মতবাদটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

# সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ⊙ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী আসিফ 'ঢাকা শহরের বস্তি: একটি আর্থ-সামাজিক সমীক্ষা' শীর্ষক মনোগ্রাফ তৈরির জন্য মহাখালী রেলগেট বস্তিতে গেল। সেখানে গিয়ে সে লক্ষ করল যে, বস্তিটিতে বিশুদ্ধ পানির চরম অভাব। স্যানিটেশনেরও ভালো কোনো ব্যবস্থা নেই। ফলে ডায়রিয়া, চর্মরোগ, আমাশয়, সর্দিজ্বর প্রভৃতি ছোঁয়াচে রোগ বস্তিবাসীদের নিত্যসঙ্গী। সে আরও লক্ষ করল, বস্তিটির অধিকাংশ শিশুই শিক্ষার আলো থেকে বঞ্চিত।

ক. 'Sociology' শব্দটির উৎপত্তি হয়েছে কত খ্রিস্টাব্দে? ১
খ. 'সমাজবিজ্ঞান প্রাকৃতিক বিজ্ঞান নয়'– বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের মহাখালী রেলগেট বস্তিতে বিরাজমান সমস্যা সমাজবিজ্ঞানের কোন শাখায় আলোচনা করা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে বর্ণিত সমস্যা সমাধানে সমাজবিজ্ঞানের জ্ঞান অপরিহার্য– তুমি কি এ ব্যাপারে একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

২ ▶ সম্প্রতি সমাজবিজ্ঞানীরা এক গবেষণা সমীক্ষায় প্রমাণ করেছেন যে, সড়ক দুর্ঘটনার ৪০ শতাংশ ক্ষেত্রে দায়ী হলো পথচারীরা। এ গবেষণার প্রেক্ষিতে খুলনা এলাকার তরুণরা পথচারীদের মধ্যে সচেতনতা সৃষ্টিমূলক এক প্রচারাভিয়ান কর্মসূচি গ্রহণ করে। তারা ঢাকা-খুলনা মহাসড়ক পথাচারীদের রাস্তা পারাপারে করণীয় দিকগুলো সম্পর্কে অবহিত করে। কর্মসূচিতে অংশ নেওয়া এক তরুণ সাংবাদিকদের জানায়, তারা মহৎ কিছু করছে না শুধুমাত্র সামাজিক দায়িত্ব পালন করছে।

ক. 'Sociology' শব্দটি সর্বপ্রথম কোন গ্রন্থে ব্যবহৃত হয়? ১
খ. কাঠামোবাদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে অধ্যয়নের গুরুত্বের যে দিকসমূহ ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়সমূহ ছাড়া সমাজবিজ্ঞান অধ্যয়নের আরও যেসব গুরুত্ব রয়েছে, তা বিশ্লেষণ কর। ৪

৩ ▶ ওসমানপুর গ্রামে মৃৎশিল্পীদের বাস। মৃৎশিল্প তাদের ঐতিহ্যবাহী পেশা। এ গ্রামের মৃৎশিল্পীদের তৈরি তৈজসপত্র ও ফুলদানি শহরের মানুষের কাছে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেছে। ইদানীং গ্রামে কতিপয় মহাজনদের আনাগোনা লক্ষ করা যায়। মৃৎশিল্পীরা এ ব্যাপারে ঐকমত্যে পৌঁছে যে, যেভাবেই হোক তারা তাদের জীবন-জীবিকায় অন্যকে হস্তক্ষেপ করতে দেবে না।

ক. সংঘ কী? ১
খ. অবস্তুগত সংস্কৃতি বলকে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোচনা তোমার পাঠ্যবইয়ের কোন প্রত্যয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত প্রত্যয়ের সাথে সমাজের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৪ ▶ কাশিপুরের জেলেপাড়ার সবাই ভাগ্যে বিশ্বাস এবং নতুন ঘর বানানো, জাল বা নৌকা কেনা উপলক্ষে নানা আচার-অনুষ্ঠান পালন করে। তারা ছোট নৌকায় করে সাগরে মাছ ধরতে যায়। কঠোর পরিশ্রমী যুবক সজল পাড়ার সবাইকে এসব আচার-অনুষ্ঠান বাদ দিয়ে একসাথে মিলে বড় নৌকা কিনতে বলে। কয়েক দিন পর মাছ ধরতে গিয়ে ঝড়ের কবলে জেলেপাড়ার পাঁচটি নৌকা ডুবে যায়। জেলেপাড়ার সবাই এজন্য নিজেদের কপালকে দোষ দিতে শুরু করে। সজল বলে, "কপালের দোষ দিয়া লাভ নাই, সবাই মিল্যা বড় নাও কিনলে আইজ এ দিন দেহন লাগতো না।"

ক. অপরাধবিজ্ঞানের জনক কে? ১
খ. ডুর্খেইমের ক্রিয়াবাদ তত্ত্বটি দ্বারা কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কাশিপুরের জেলেপাড়াটি অগাস্ট কোঁৎ বর্ণিত সমাজ বিকাশের কোন স্তরে অবস্থান করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর, সজলের কথায় সংঘ সৃষ্টির মনোভাব ফুটে উঠেছে? মতের সপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৫ ▶ রসলপুর গ্রামের প্রিয় তারা বাব-মায়ের সাথে ঢাকায় বসবাস করেন। বছরে দুই ঈদ কিংবা অন্য কোনো পারিবারিক অনুষ্ঠানের সময় গ্রামের বাড়িতে বেড়াতে যান। গ্রামে তার দাদা-দাদি, চাচা-চাচি ও চাচাতো ভাইবোনেরা একই পরিবারে বসবাস করেন।

ক. বিবাহ কী? ১
খ. 'পরিবার সদস্যদের অর্থনৈতিক নিরাপত্তা বিধান করে'– ব্যাখ্যা কর। ২
গ. প্রিয়ার চাচার পরিবারটি পরিবারের কোন বিভাগের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শহর এলাকায় প্রিয়ার মতো পরিবারের আধিক্য বেশি– তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৬ ▶ রকি বিশ্ববিদ্যালয়ের লেখাপড়া শেষ করে ঢাকায় বিয়ে করেন। তিনি স্ত্রী, পুত্র, কন্যা নিয়ে সেখানে বসবাস করেন। তিনি নিয়মিত বাবা-মা ও অন্যান্য আত্মীয়-স্বজনদের খোঁজখবর রাখেন। সেই সাথে আর্থিক সহায়তা প্রদান করেন। এছাড়া তিনি তার গ্রামের শিক্ষা ও সংস্কৃতির উন্নয়নে সহায়তা করেন।

ক. বিবাহ কী? ১
খ. মাতৃতান্ত্রিক পরিবার বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লেখিত পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত রকি সাহেবের ভূমিকা সমাজের জন্য ইতিবাচক– যুক্তিসহ তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নোমান সাহেব কন্যা ফাতেমাকে নিয়ে বাংলাদেশে বেড়াতে আসেন। ফাতেমাকে সবাই বিদেশি ভেবে ভুল করে। কারণ সে দেখতে অনেকটাই জার্মান মায়ের মতো। নোমান সাহেব কন্যাকে বাংলাদেশ ঘুরিয়ে দেখাতে চান এবং বিদেশি স্ত্রীকে দেশি শাড়ি উপহার দিতে চান। তিনি স্ত্রীর জন্য রাজশাহী থেকে সিল্ক শাড়ি, টাঙ্গাইল থেকে তাঁত শাড়ি এবং নারায়ণগঞ্জের ডেমরা থেকে জামদানি শাড়ি কেনেন। বাংলাদেশের এসব বৈচিত্র্যে ফাতেমা মুগ্ধ।

ক. সংস্কৃতি কাকে বলে? ১
খ. কাব্য ও কাব্যগ্রন্থের সংস্কৃতিগত পার্থক্য কী? বুঝিয়ে লেখো। ২
গ. উদ্দীপকের ফাতেমা সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানের ফল? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ফাতেমার মুগ্ধ হওয়া সমাজজীবনের প্রভাব বিস্তারকারী উপাদানের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবের ফল– বিশ্লেষণ কর। ৪

৮ ▶ মেহেদী ও মুহিন দুই বন্ধু। ছুটির দিনগুলোতে মেহেদী পরিবারের সাথে সময় কাটাতে, বন্ধু-বান্ধবদের সাথে মিশতে ও আড্ডা দিতে পছন্দ করে। অন্যদিকে মুহিন ফেসবুক, হোয়াটসঅ্যাপে 'বন্ধুদের সাথে যোগাযোগ করতেই বেশি পছন্দ করে।

ক. পুঁজিবাদ কী? ১
খ. বিচ্যুতিমূলক আচরণ বলতে কী বোঝায়? ২
গ. মেহেদীর সামাজিকীকরণে কোন কোন উপাদানের প্রভাব রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মুহিনের সামাজিকীকরণের ক্ষেত্রে যে উপাদানের ভূমিকা রয়েছে তার ইতিবাচক ও নেতিবাচক দিকগুলো বিশ্লেষণ কর। ৪

৯ ▶ সাম্প্রতিক প্রকাশিত প্রতিবেদনে দেখা যায়, বিশ্বের মাত্র ৯৮ জন মানুষ বিশ্বের অর্ধেক সম্পদের মালিক। তাদের কারো কারো ব্যক্তিগত সম্পদ/ সম্পত্তি কোনো কোনো রাষ্ট্রের সম্পত্তির থেকেও বেশি। অর্থাৎ বিশ্বে সম্পদের বণ্টন ব্যবস্থা অত্যন্ত অসম, যা মানুষের মধ্যে ব্যাপক সামাজিক বিভাজন তৈরি করেছে।

ক. 'CEDAW' এর পূর্ণরূপ লেখো। ১
খ. অগবার্ন ও নিমকফ সামাজিক স্তরবিন্যাস বলতে কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লেখিত বিষয়ের প্রকারভেদ ব্যাখ্যা কর। ৩
ঘ. লিঙ্গবৈষম্য কীভাবে উদ্দীপকে উল্লেখিত বিষয়ের সাথে সম্পর্কিত? মতামত দাও। ৪

১০ ▶ শহিদুল সাহেব টেলিভিশনে একটি ব্রেকিং নিউজ দেখে আঁতকে ওঠেন এবং এ ঘটনা তাকে খুব নাড়া দেয়। "মাদক সেবনে বাধা দিতে গিয়ে ১৭ বছরের তন্নির হাতে বাবা-মা খুন"। পুলিশ তাকে গ্রেপ্তার করে আদালতে প্রেরণ করেছে। এ ঘটনায় শহিদুল সাহেব খুব শঙ্কিত হয়েছেন।

ক. বিচ্যুতি কী? ১
খ. দারিদ্র্য কীভাবে অপরাধের সাথে সম্পর্কিত? ২
গ. উদ্দীপকে বর্ণিত তন্নির কর্মকাণ্ড কোন ধরনের অপরাধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. তন্নির ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা অপরাধ প্রতিরোধে কতটুকু সহায়ক হবে বলে তুমি মনে কর? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১ ▶ শিমুকে কম্পিউটারে বসে থাকতে দেখে তার দাদু জিজ্ঞাসা করেন, কী করছিস? সে উত্তর দেয়, চাকরির আবেদন করছি। দাদু অবাক হন। তারপর শিমু যখন মোবাইলের মাধ্যমে টাকা জমা দেয় তখন দাদু মনে মনে ভাবেন, সময় বদলে গেছে। গতিময় জীবন আমাদের স্থবিরতাকে ছুটি দিয়েছে।

ক. 'Society' নামক গ্রন্থটি কে রচনা করেন? ১
খ. 'সংস্কৃতি সামাজিক পরিবর্তন ঘটায়'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শিমুর দাদুর চিন্তায় যে বিষয়টি প্রকাশ পেয়েছে তার স্বরূপ উপস্থাপন কর। ৩
ঘ. উক্ত বিষয়টির মূল বৈশিষ্ট্যসমূহ বিশ্লেষণ কর। ৪

# কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ


সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ অনিক রাজশাহী বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে তার মূল আলোচ্য বিষয় মূলত সমাজ, সামাজিক সম্পর্ক, সামাজিক কার্যাবলি, সামাজিক দল, প্রতিষ্ঠান ইত্যাদি। অপরদিকে, তার বন্ধু টুটুল যে বিষয়টিতে অধ্যয়ন করে তার মূল্য আলোচ্য বিষয়–ভূমি রাজস্ব, ভূমি নীতি, করনীতি প্রভৃতি বিষয়সমূহের সামাজিক তাৎপর্য।

ক. "সমাজবিজ্ঞান হচ্ছে সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান" –সংজ্ঞাটি কার? ১
খ. "সমাজবিজ্ঞান একটি তাত্ত্বিক বিজ্ঞান"–সংজ্ঞাটি কার? ২
গ. উদ্দীপকের টুটুলের অধ্যয়নকৃত বিষয় কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. অনিকের অধীত বিষয়টি পাঠের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

২ ▸




ক. 'Positive Philosophy'– গ্রন্থটি কার লেখা? ১
খ. সমাজবিজ্ঞান মূল্যবোধ নিরপেক্ষ–ব্যাখ্যা কর। ২
গ. প্রদত্ত ছক চিত্রের '?' চিহ্নিত স্থানটি কোন বিষয়কে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে চিহ্নিত বিষয়টির উদ্ভব ও বিকাশ আলোচনা কর। ৪


৩ ▸ ফিরোজ একটি প্রত্যন্ত এলাকায় বাস করে। তাদের এলাকায় জনগোষ্ঠীর মধ্যে মতের অমিল থাকলেও নিজেদের মৌলিক চাহিদা পূরণে তারা সমষ্টিগতভাবে একতাবদ্ধ। পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল। মানুষগুলোর মধ্যকার সম্পর্ক জটিল জালের মতো ছড়িয়ে আছে।

ক. 'Mores' শব্দের অর্থ কী? ১
খ. মুখ্য দল ও গৌণ দলের পার্থক্য বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে পারস্পরিক সহযোগিতার ওপর নির্ভরশীল ফিরোজের এলাকাটি কোনটিকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রত্যয়টির সাথে সম্প্রদায়ের পার্থক্য আলোচনা কর। ৪

৪ ▸ কল্পনার বিয়ে হঠাৎ করে ঠিক হয়েছে। গত মাসে তার বড় বোন তাহমিনা মারা গিয়েছে। বোনের দুটি সন্তানের অসহায়ত্বের কথা চিন্তা করে কল্পনা বাবা মার কথা মতো তার বড় বোনের স্বামীকে বিয়ে করতে রাজি হয়।

ক. সংস্কৃতিকে কয় ভাগে ভাগ করা হয়? ১
খ. ঘরবাড়ি, রাস্তাঘাট, চেয়ার ইত্যাদি কোন সংস্কৃতির উদাহরণ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কোন ধরনের বিবাহকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে উল্লিখিত বিবাহের ধরন ব্যতীত বাংলাদেশে আরও বিভিন্ন ধরনের বিবাহ প্রচলিত আছে"–বক্তব্যটির যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৪

৫ ▸




ক. অনুলোম বিবাহ কী? ১
খ. পরিবারকে শিশুর প্রাথমিক বিদ্যালয় বলা হয় কেন? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন সামাজিক প্রতিষ্ঠানের কার্যাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব সমাজে উক্ত প্রতিষ্ঠানটি বহুমাত্রিক কার্যাবলি সম্পাদন করে থাকে– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ পনের বছরের রাইম রোভার স্কাউট নামক স্বেচ্ছাসেবী সংগঠনের একজন সদস্য। দেশে করোনার সময় বিভিন্ন সেবামূলক কাজে সে নেতৃত্ব দিয়েছিল। বাড়িতে তার বাবা-মা তাকে সামাজিক আদর্শ, মূল্যবোধ, আচার-আচরণ ইত্যাদি সম্পর্কে শিক্ষাদান করেন।

ক. পিতা-মাতা, সন্তান-সন্ততি কোন ধরনের জ্ঞাতিসম্পর্ক? ১
খ. মানুষের জীবনে খেলার মাঠ কীভাবে ভূমিকা রাখে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সামাজিক কোন কোন গোষ্ঠীর উপাদানের প্রভাব ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজের ওপর উদ্দীপকে উল্লিখিত উপাদানগুলো ছাড়া সামাজিক গোষ্ঠীর অন্যান্য উপাদানগুলোর প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭ ▸ সীমার মা-বাবা দুজনেই চাকরিজীবী। কাজের মেয়ের তত্ত্বাবধানে সে বড় হচ্ছে। প্রায়ই তার মা-বাবার মধ্যে ঝগড়া বিবাদ হয়। অনাদরে অবহেলায় বড় হওয়ার কারণে সে অন্য মানুষদের সাথে খাপ খাইয়ে চলতে পারে না। শুধু তাই নয়, তার মধ্যে আত্মবিশ্বাসের ঘাটতিও প্রবল।

ক. সামাজিকীকরণ প্রত্যয়ের ইংরেজি প্রতিশব্দ কী? ১
খ. সমগ্র বিশ্ব একীভূত হওয়া কোন ধরনের প্রক্রিয়া? ব্যাখ্যা কর। ২
গ. সীমার খাপছাড়া আচরণের জন্য সামাজিকীকরণের কোন বাহনটি দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বাহনের প্রভাবে সীমার ভবিষ্যৎ জীবনে কী নেতিবাচক প্রভাব পড়তে পারে? বিশ্লেষণ কর। ৪

৮ ▸ ঘটনা-১ : জাফর সাহেবের ছোট সন্তান প্রায়ই তার পকেট থেকে টাকা-পয়সা সরিয়ে নেয়।

ঘটনা-২ : রাহেলা বেগম প্রায়ই তার ১১ বছরের গৃহকর্মীকে মারধর করেন। একদিন তার অত্যাচারের মাত্রা এত বেড়ে যায় যে, প্রতিবেশীরা পুলিশকে জানাতে বাধ্য হয়। বর্তমানে রাহেলা বেগম কারাগারে।

ক. সামাজিক স্তরবিন্যাস-এর প্রাচীনতম রূপ কোনটি? ১
খ. "সামাজিক শ্রেণি উন্মুক্ত ব্যবস্থা" –ব্যাখ্যা কর। ২
গ. ঘটনা-১ জাফর সাহেবের ছোট সন্তানের কর্মকাণ্ড সমাজবিজ্ঞানের ভাষার কী বলা হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সকল অপরাধই বিচ্যুতি কিন্তু সকল অপরাধ নয়"–উদ্দীপকে উল্লিখিত 'ঘটনা-১' ও 'ঘটনা-২' এর আালোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▸ একসময় বর্ষাকালে নদী তীরবর্তী গ্রামসমূহের চুরি-ডাকাতি বেঁড়ে যেত। বর্তমানে সরকার নদী তীরবর্তী গ্রামসমূহের অবকাঠামো বিশেষ করে রাস্তাঘাট, ব্রিজ-কালভার্ট এবং বিদ্যুৎ ব্যবস্থার সম্প্রসারণ করে। ফলে মানুষের ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি হয় এবং চুটি-ডাকাতিও কমে আসে।

ক. 'Society' গ্রন্থটি কার লেখা? ১
খ. "দাসরা ছিল প্রভুর সম্পত্তি"–বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত অপরাধ প্রবণতা বেড়ে যাওয়াকে সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানের ইঙ্গিত করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উদ্দীপকে বর্ণিত উপাদানটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

১০ ▸ সমাজবিজ্ঞানের ছাত্র সুমন সামাজিক স্তরবিন্যাস কার্ল মার্কসের মতবাদকে সমর্থন করে। সে মনে করে, সামাজিক স্তরবিন্যাস সম্পর্কিত মতবাদের মধ্যে কার্ল মার্কসের মতবাদটিই সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। কেননা এ তত্ত্বটি অর্থনৈতিক সম্পর্কের সাথে প্রত্যক্ষভাবে জড়িত।

ক. ভদ্রবেশী অপরাধ কী? ১
খ. অপরাধ সংঘটিত হওয়ার পিছনে পারিবারিক পরিবেশের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. সুমন সামাজিক স্তরবিন্যাস সম্পর্কে যে মতবাদের সমর্থক তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপক দ্বারা নির্দেশকৃত তত্ত্বটি অর্থনৈতিক সম্পর্কের সাথে প্রত্যক্ষভাবে জড়িত'–বিশ্লেষণ কর। ৪

১১ ▸ কলেজের নবীনবরণ অনুষ্ঠানে কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি বক্তৃতায় নবীনদের উদ্দেশ্যে বললেন, সুশিক্ষার মাধ্যমেই জাতির ভাগ্যের ইতিবাচক পরিবর্তন সম্ভব। তোমাদেরকে সুশিক্ষায় শিক্ষিত হয়ে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এগিয়ে যেতে হবে,তবেই উন্নয়ন সম্ভব। কেননা, তোমরাই জাতির ভবিষ্যৎ ও দেশ বিনির্মাণে অগ্রযাত্রার সৈনিক।

ক. বিবর্তন কী? ১
খ. সামাজিক পরিবর্তন সর্বজনীন–ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এগিয়ে চলার প্রত্যয়টি তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের উন্নয়ন প্রত্যয়টি সমাজবিজ্ঞানের আলোকে বিশ্লেষণ কর। ৪

# ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট | **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** | পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ রাতুল দৈনিক পত্রিকায় নারীর প্রতি সহিংসতার বিভিন্ন খবর পড়ে ব্যাথিত হয়। সে ভাবে কেন এমনটি ঘটে? এর সামাধানই বা কী? তাই বড় ভাই তাকে পরামর্শ দেন এমন একটি বিষয় নিয়ে পড়ালেখা করার, যা সমাজের বিভিন্ন সমস্যা, সমাজস্থ মানুষের আচার-আচরণ প্রভৃতিকে ব্যাখ্যা করে।

ক. 'Logos' কোন ভাষার শব্দ? ১

খ. 'সমাজবিজ্ঞান একটি তাত্ত্বিক বিজ্ঞান'– কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে কোন বিষয়টির কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমস্যা সমাধানে সমাজবিজ্ঞানের জ্ঞান কীভাবে সাহায্য করতে পারে? তোমার মতামত দাও। ৪

২ ▶ আলিফ-এর পঠিত বিষয়ের মূল প্রতিপাদ্য হলো সমাজ, সমাজ কাঠামো এবং মানব সম্পর্ক। অপরদিকে, তার বান্ধবী শামা-এর পঠিত বিষয় মূলত রাষ্ট্রের উৎপত্তি, বিকাশ, নাগরিকদের দায়িত্ব-কর্তব্য সম্পর্কে আলোচনা করে।


ক. ডুর্খেইমের সমাজবিজ্ঞানের সংজ্ঞাটিত লেখ। ১

খ. 'সমাজবিজ্ঞান প্রাকৃতিক বিজ্ঞান নয়' –কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আলিফ-এর পঠিত বিষয়ের তিনটি পরিধি ব্যাখ্যা কর। ৩

ঘ. আলিফ-এর পঠিত বিষয়ের সাথে শামার পঠিত বিষয়ের সম্পর্ক ব্যাখ্যা কর। ৪

৩ ▶ নিচের ছকটি লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :





ক. Folkways শব্দের বাংলা কী? ১

খ. বয়স বৈষম্যবাদ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে A ও B-এর সংজ্ঞা দাও। ৩

ঘ. A ও B-এর মধ্যে চারটি পার্থক্য লেখ। ৪

৪ ▶




ক. প্রতিষ্ঠা কী? ১

খ. 'একক পরিবার শিল্পায়নের ফল'– ব্যাখ্যা কর। ২

গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানে সামাজিক সংগঠনের কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিষয়টি সমাজজীবনে কতটুকু প্রভাব ফেলে? বিশ্লেষণ কর। ৪

৫ ▶

| ০১ | ০২ | ০৩ | ০৪ |
|---|---|---|---|
| দল | সংঘ | সম্প্রদায় | সমাজ |

ক. ম্যাকাইভারের মতে সম্প্রদায়ের মূলভিত্তি কী কী? ১

খ. 'প্রথা মূলত সামাজিক'– ব্যাখ্যা কর। ২

গ. ছকের ০২ ও ০৩নং-এর মধ্যকার পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ. ছকের ০১, ০২ ও ৩নং-এর সাথে ০৪নং-এর সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ঘটনা-১ : সুমন তার স্ত্রীর মৃত্যুর পর স্ত্রীর ছোট বোনকে বিয়ে করে।
ঘটনা-২ : ফরিদ তার মামাতো বোনকে বিয়ে করে।


ক. প্রথা কী? ১

খ. আনুভূমিক ও উল্লম্ব গতিশীলতা কী? বুঝিয়ে লেখ। ২

গ. ঘটনা-২ কোন ধরনের বিবাহ? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-১ এর বিবাহের সামাজিক গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭ ▶




ক. বংশগতি কী? ১

খ. ধর্ম কীভাবে সামাজিক নিয়ন্ত্রণ করে? বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানের ক্ষেত্রে কোন উপাদানটি যথাযথ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত উপাদানটির সরকার বা শাসনব্যবস্থার ওপর প্রভাব মূল্যায়ন কর। ৪

৮ ▶ "তরুলতা সহজেই তরুলতা
পশুপাখি সহজেই পশুপাখি
কিন্তু মানুষ প্রাণপণ চেষ্টায় তবে মানুষ"


ক. তথ্যপ্রযুক্তি কী? ১

খ. বিশ্বায়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রক্রিয়াটির ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত প্রক্রিয়াটিতে বিভিন্ন বাহনের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

৯ ▶




ক. সামাজিক অসমতা কী? ১

খ. সামাজিক নিরাপত্তা বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনের ইঙ্গিত পাওয়া যায় তার বৈশিষ্ট্য আলোচনা কর। ৩

ঘ. আধুনিক সমাজে ভিন্ন ধরনের সামাজিক স্তরবিন্যাস লক্ষণীয়– ব্যাখ্যা কর। ৪

১০ ▶ ম্যানেজার মোনেম চৌধুরী মালামাল ক্রয়ে প্রকৃত মূল্যের চেয়ে বেশি মূল্য দেখিয়ে প্রতিষ্ঠানের প্রচুর টাকা আত্মসাৎ করেন। অপরদিকে, বস্তিতে থাকা হাজেরা খাতুন নিজের সন্তাতদের জন্য খাদ্যের যোগান না করতে পেরে মালিকের বাসা থেকে চাল-ডাল চুরির অপরাধে পুলিশের কাছে ধরা পড়েন।


ক. একজন অপরাধ বিজ্ঞানীর নাম লেখ। ১

খ. 'সকল সমাজই ছিল স্তরায়িত'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে মি. চৌধুরীর অপরাধটি কী ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের দুইজনের অপরাধের সামাজিক প্রেক্ষাপট ভিন্ন'– উক্তিটি মূল্যায়ন কর। ৪

১১ ▶




ক. বিচ্যুতি কী? ১

খ. 'নারী স্বাধীনতা নগর সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য'– ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের চিত্রটি কী তত্ত্ব নামে পরিচিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজ পরিবর্তনের ক্ষেত্রে উক্ত তত্ত্বটি কতটুকু কার্যকর? মূল্যায়ন কর। ৪

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸

| ছক-১ | ছক-২ |
|---|---|
| ভূস্বামী/জমিদার | উচ্চবিত্ত |
| ↓ | ↓ |
| পুরোহিত | মধ্যবিত্ত |
| ↓ | ↓ |
| কৃষক ও কারিগর | নিম্নবিত্ত |

ক. সামাজিক স্তরবিন্যাসের ধরন কয়টি? ১

খ. 'দাসরা ছিল গৃহপালিত পশুর ন্যায়'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ছক-১ সামাজিক স্তরবিন্যাসের কোন ধরনকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'ছক-২ একটি মুক্ত ব্যবস্থা'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ 'ক' নামক গ্রামটিতে কোনো এমবিবিএস ডাক্তার ছিল না। দরিদ্র কৃষকের ছেলে জামাল বিনা চিকিৎসায় তার বাবাকে মারা যেতে দেখে। সেই থেকে সে সংকল্প করে ডাক্তার হয়ে অসহায় গ্রামবাসীর পাশে থাকবে। কঠোর পরিশ্রম ও অধ্যবসায়ের মাধ্যমে লেখাপড়া করে একসময় সে ডাক্তার হয়ে গ্রামে ফিরে আসে এবং দরিদ্র অসহায় মানুষকে চিকিৎসাসেবা দেয়। ফলে একসময় যারা তাকে ও তার পরিবারকে করুণার দৃষ্টিতে দেখত, এখন বেশি সমীহ করে।

ক. জাতিবর্ণ প্রথায় সর্বনিম্ন স্তর কোনটি? ১

খ. অন্তর্গোত্র বিবাহভিত্তিক গোষ্ঠী বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের ধরন প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রেক্ষাপটে সামাজিক স্তরবিন্যাসের ক্রিয়াবাদী তত্ত্বটি বিশ্লেষণ কর। ৪

৩ ▸ উচ্চমাধ্যমিকের গণ্ডি পেরোতেই মনিরা বেগমের বিয়ে হয়ে যায়। ভালো রেজাল্ট ও একান্ত ইচ্ছা থাকা সত্ত্বেও উচ্চশিক্ষা গ্রহণ করতে পারেননি। অন্যদিকে, তার ভাইদের উচ্চশিক্ষা গ্রহণে কোনো বাধা আসেনি। তাদের পরিবারে মেয়েদের বেশি লেখাপড়ার প্রচলন নেই। তার বাবা মনে করেন, সংসার সামলানো ও সন্তান লালন-পালনই মেয়েদের প্রধান কাজ। তার জন্য বেশি লেখাপড়ার দরকার হয় না।

ক. সামাজিক অসমতা কী? ১

খ. 'জেন্ডার সমাজ বিনির্মিত'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে কোন ধরনের বৈষম্য প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের পরিস্থিতি উন্নয়নের প্রতিবন্ধক"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▸ বিগত কয়েক বছরে এলাকাটিতে বেশ কিছু কলকারখানা গড়ে উঠেছে। পূর্বে এখানকার বেশির ভাগ মানুষ কৃষি পেশার সাথে যুক্ত ছিল। বর্তমানে অধিকাংশই কারখানায় চাকরি ও ব্যবসায় বাণিজ্যের সাথে যুক্ত। নারীরাও তৈরি পোশাক কারখানাতে চাকরি করে স্বাবলম্বী হয়েছে।

ক. বিবর্তন কী? ১

খ. সমাজকাঠামোর রূপান্তর বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের সামাজিক পরিবর্তনের কারণ কোনটি? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উৎপাদন প্রণালির পরিবর্তনই উদ্দীপকের সামাজিক পরিবর্তনের মুখ্য নিয়ামক'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৫ ▸ সাজিদ পত্রিকা পড়ে নিম্নোক্ত দুটি গুরুত্বপূর্ণ তথ্য জানতে পারে :

তথ্য-১ : বিগত বছরে দেশে মাথাপিছু আয়, শিক্ষার হার ও গড় আয়ুষ্কাল বৃদ্ধি পেয়েছে। এছাড়া মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুর হার হ্রাস পেয়েছে।

তথ্য-২ : গত এক বছরে দেশে স্মার্টফোন, কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে।


ক. সংস্কৃতি কী? ১

খ. 'সমাজ হচ্ছে সামাজিক সম্পর্কের জাল'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে তথ্য-১ কোন ধরনের সামাজিক পরিবর্তন নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. তথ্য-২ : এর উপাদানসমূহ সমাজ পরিবর্তনে কীভাবে ভূমিকা রাখে? তোমার সুচিন্তিত মতামত দাও। ৪

৬ ▸




ক. ফরাসি বিপ্লবের মূলমন্ত্র কী ছিল? ১

খ. 'সমাজবিজ্ঞান সমাজের সামগ্রিক পাঠ'— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকে চিত্র-১ [ক] চিহ্নিত স্থানে সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়টি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকের [ক] ও [খ] চিহ্নিত স্থানে প্রত্যয় দুটি পরস্পর সম্পর্কিত'— ব্যাখ্যা কর। ৪

৭ ▸ রবিন নবম শ্রেণির ছাত্র যার বিজ্ঞানের প্রতি অসীম আগ্রহ। অবসর সময়ে সে Discovery, Animal Planet, Channel গুলো দেখতে তার খুব ভালো লাগে। তার স্বপ্ন সে আমেরিকাতে পড়াশোনা করতে যাবে এবং বিখ্যাত পদার্থবিজ্ঞান হবে। স্যাটেলাইট টেলিভিশন ও ইন্টারনেটের কল্যাণে সে পৃথিবীর বড় বড় আবিষ্কার ও অগ্রগতি সম্পর্কে জানতে পারে। সারাবিশ্বের মানুষের কল্যাণে কাজ করা তার বিশেষ আগ্রহ।

ক. প্রথা কী? ১

খ. অনুকরণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে সামাজিকীকরণের কোন উপাদানের প্রভাব লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের বিষয়টির সাথে বিশ্বায়ন কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৪

৮ ▸ ছোটবেলা থেকে আসিফ দেখছে তার মা-বাবা ঝগড়া করে। তার বড় দুই ভাই নিজেরা পড়ালেখা করে না এবং আসিফকেও পড়তে বসতে বলে না। তারা পাড়ার খারাপ ছেলেদের সাথে ঘুরে বেড়ায়। একসময় আসিফও খারাপ ছেলেদের সাথে মিশতে শুরু করে। সে স্কুলে যাওয়া বন্ধ করে দিয়েছে।

ক. Caste শব্দের অর্থ কী? ১

খ. ঐচ্ছিক দল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের আসিফের সামাজিকীকরণের কোন বাহনটির কার্যকর ভূমিকা অনুপস্থিত? ব্যাখ্যা কর। ৩

ঘ. আসিফের ত্রুটিপূর্ণ আচরণ প্রতিরোধে কী কী করণীয়? ব্যাখ্যা কর। ৪

৯ ▸




ক. বিচ্যুতি কী? ১

খ. প্যারোল বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে [?] স্থানে কোন প্রত্যয়টিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমাজজীবনে উক্ত প্রত্যয়টির প্রভাব আলোচনা কর। ৪

১০ ▸ রাশেদ দশম শ্রেণির ছাত্র। চুরি ছিনতাইসহ নানা অপকর্মে লিপ্ত সে। একদিন তার বাবা জানতে পারে তার ছেলেকে পুলিশ ধরে নিয়ে গেছে। ২ বছর অপরাধ সংশোধনাগারে অবস্থানের পর বর্তমানে সে অনেক স্বাভাবিক জীবনযাপন করছে।

ক. শিকারবিহীন অপরাধ কী? ১

খ. দারিদ্র্য কীভাবে অপরাধের সাথে জড়িত? ২

গ. উদ্দীপকে অপরাধের কোন ধরন বর্ণিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রাশেদের ক্ষেত্রে অপরাধ নিয়ন্ত্রণের প্রাতিষ্ঠানিক ব্যবস্থার কার্যকারিতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ মি. 'ক' একটি বড় চাকরি করেন। প্রতিষ্ঠানের জন্য তিনি প্রকৃত মূল্যের চেয়ে বেশি দামে জিনিস কিনে বাকি টাকা আত্মসাৎ করেন। কিন্তু অপরদিকে বস্তিতে বসবাসরত 'খ' নিজের সন্তানের জন্য খাদ্যের ব্যবস্থা করতে না পেরে দোকান থেকে খাবার চুরি করতে গিয়ে পুলিশ কর্তৃক ধৃত হন।

ক. প্রবেশন কী? ১

খ. 'সকল অপরাধই বিচ্যুতি'— বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকে মি. 'ক'-এর অপরাধটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'খ' এর অপরাধের সামাজিক প্রেক্ষাপট ভিন্ন— ব্যাখ্যা কর। ৪

# বাংলাদেশ বিমান বাহিনী শাহীন কলেজ, মৌলভীবাজার

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ বাজিতপুর গ্রামের বর্গাচাষি রহিম মিয়ার আজ খুশির দিন। কেননা, নতুন ফসল কেটে সে আজ বাড়িতে তুলেছে। রহিমের স্ত্রী ও ছেলেমেয়েরাও আজ খুব আনন্দিত। তারা মায়ের কাছে নতুন ধানের চাল দিয়ে পিঠা ও পায়েস খাওয়ার আবদার করছে। রহিম মিয়ার মনে দুঃখ, কষ্টে ফলানো ফসল অন্যের ঘরে চলে যায়। যদি নিজের কিছু জমি থাকত তাহলে এ কষ্ট আর থাকত না।

ক. "সমাজবিজ্ঞান হলো অনুষ্ঠান-প্রতিষ্ঠানের বিজ্ঞান" – সংজ্ঞাটি কার? ১
খ. "সমাজবিজ্ঞান হলো মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান"–কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বিষয়বস্তু সমাজবিজ্ঞানের কোন শাখার আলোচ্য বিষয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রহিম মিয়ার অবস্থার উত্তরণে সমাজবিজ্ঞান পাঠের প্রয়োজনীয়তা বিশ্লেষণ কর। ৪

২ ▸ দশম শ্রেণির শিক্ষার্থী রনির মাঝে সমাজ সম্পর্কে জানার আগ্রহ ব্যাপক। সে সমাজের উদ্ভব ও বিকাশ সম্পর্কে জানতে ইচ্ছুক। তাছাড়া সামাজিক আইন, সাংস্কৃতিক ক্রমবিকাশ, মানুষের ক্রম-উন্নয়ন প্রভৃতি সম্পর্কে জ্ঞানলাভের মাধ্যমে সে নিজেকে একজন পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে চায়।


ক. সমাজবিজ্ঞানের জনক কে? ১
খ. সমাজবিজ্ঞানকে কেন মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান বলা হয়? ২
গ. রনির জানার বিষয়ের সাথে তোমার পঠিত কোন বিষয়ের পরিধির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষের সব সামাজিক আচরণই উক্ত বিষয়ের পরিধিভুক্ত – তুমি কি একমত? মতামত দাও। ৪

৩ ▸ রায়হান ও ফেরদৌস ঘনিষ্ঠ বন্ধু। রায়হান বাবা-মা ও ভাইবোনের সাথে বাস করে। ফেরদৌস বাবা-মা, ভাইবোন, দাদা-দাদি, ও চাচা-চাচির সাথে বাস করে। রায়হান ও ফেরদৌস নিজ নিজ পরিবারের সুবিধা-অসুবিধা নিয়ে মতবিনিময় করে। তারা দুইজন মনে-প্রাণে বিশ্বাস করে, মানুষের বহুমুখী মৌলিক প্রয়োজন মিটিয়ে সুন্দর ও নিরাপদ জীবনব্যবস্থা গঠনের ক্ষেত্রে পরিবার এক অনন্য প্রতিষ্ঠান।

ক. সমাজবিজ্ঞানী ডেভিড পোপেনো প্রদত্ত পরিবারের সংজ্ঞাটি লেখ। ১
খ. মাতৃপ্রধান পরিবার বলতে কী বোঝায়? ২
গ. রায়হানের পরিবার কোন কোন ক্ষেত্রে ফেরদৌসের পরিবার থেকে ভিন্ন? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষের বহুমুখী প্রয়োজন মেটাতে রায়হান ও ফেরদৌসের বক্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৪ ▸ রহিম সাহেব তার প্রতিবেশী হাকিম সাহেবের সাথে ভৌগোলিক উপাদান নিয়ে আলোচনা করছিলেন। আলোচনার একপর্যায়ে তিনি বলেন, সমাজজীবনের সবক্ষেত্রেই ভৌগোলিক প্রভাব রয়েছে। এ প্রভাব কোথাও কম, কোথাও বেশি, এমনকি কোথাও প্রত্যক্ষ, কোথাও পরোক্ষ। তিনি আরও বলেন, কৃষি ও শিল্প খাত বিশেষভাবে ভৌগোলিক পরিবেশের ওপর নির্ভরশীল।

ক. ভৌগোলিক উপাদান কী? ১
খ. সমাজজীবনে প্রভাব বিস্তারকারী সামাজিক গোষ্ঠীর উপাদানসমূহ লেখ। ২
গ. পেশা ও প্রাকৃতিক সম্পদের ক্ষেত্রে উদ্দীপকের আলোচ্য বিষয়টির সামঞ্জস্য ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কৃষি ও শিল্প খাত সম্পর্কে রহিম সাহেবের বক্তব্যের যথার্থতা নিরূপণ কর। ৪

৫ ▸




ক. Estate শব্দের প্রকৃত অর্থ কী? ১
খ. সামাজিক অসমতা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে বাংলাদেশের শহুরে জীবনের মধ্যে এর যে প্রকৃতি লক্ষ কর তার ব্যাখ্যা কর। ৩
ঘ. ছকে প্রদত্ত বিষয়টির শেষের স্তরটির বৈশিষ্ট্যগুলো বর্ণনা কর। ৪

৬ ▸ সাথী তার বাংলা ২য় পত্রের বইতে পড়েছে, বাংলাদেশের অর্থনীতি ও কৃষি মৌসুমি বায়ুর খেলা। সময়মতো মৌসুমি বৃষ্টিপাত হলে ফসল ভালো হয়। কিন্তু বৃষ্টিপাত না হলে ফসল ভালো হয় না। আবার অকালে বন্যা হলেও ফসল তলিয়ে যায়। এতে কৃষকদের ভাগ্যে নেমে আসে চরম দুর্ভোগ। দরিদ্রতায় তাদের জীবন হয় অভিশপ্ত।

ক. কোন প্রতিষ্ঠানের শিক্ষা শিশু-কিশোরদের বৃহত্তর সমাজজীবনের উপযোগী করে তোলে? ১
খ. সংস্কৃতি কীভাবে সামাজিক সংহতি সংরক্ষণ করে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে সমাজজীবনের কোন উপাদানের প্রভাব ফুটে উঠেছে? ৩
ঘ. ব্যক্তি ও সামাজিক জীবনে উক্ত উপাদানের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৭ ▸ শিক্ষিত বেকার মামুন দিনরাত তার বন্ধুদের সাথে আড্ডা দিতে দিতে একসময় নেশায় আসক্ত হয়ে পড়ে। তার দুশ্চিন্তাগ্রস্ত পিতা মামুনকে নিয়ন্ত্রণ করতে না পেরে ইমাম সাহেবের শরণাপন্ন হন। ইমাম সাহেব মাদকাসক্তির পরিণাম, পরকালে এর শাস্তি এবং নৈতিকতার বিষয়ে শিক্ষা দেন এবং বেশ কিছুদিন তাকে সাথে সাথে রাখেন। মামুন এখন স্বাভাবিক জীবনে ফিরে এসেছে এবং ব্যবসায় করছে।


ক. মানবজীবনে প্রভাব বিস্তারকারী প্রধান উপাদান কী? ১
খ. পরিবার হলো একটি সর্বজনীন প্রতিষ্ঠান – ব্যাখ্যা কর। ২
গ. মামুনের নেশাগ্রস্ত হওয়ার ক্ষেত্রে সামাজিকীকরণের কোন বাহন দায়ী? ব্যাখ্যা কর। ৩
ঘ. মামুনের স্বাভাবিক জীবনে ফিরে আসার ক্ষেত্রে যে বাহনটি ভূমিকা রেখেছে সামাজিকীকরণে তার যথেষ্ট গুরুত্ব রয়েছে– বিশ্লেষণ কর। ৪

৮ ▸



ক. উঁচু-নীচু শ্রেণির ক্রমানুসারে সংগঠিত জনসংখ্যার বিদ্যমান বিভিন্নতাকে কী বলে? ১
খ. দাস প্রথা বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনের ইঙ্গিত পাওয়া যায় তার বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. আধুনিক সমাজে ভিন্ন ধরনের সামাজিক স্তরবিন্যাস লক্ষণীয় – ব্যাখ্যা কর। ৪

৯ ▸ মৎস্যজীবী নৃপেন মাঝি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বাড়িতে যাত্রাপালা দেখতে গিয়ে সুব্রত ভট্টাচার্যের পাশে বসেন। এতে সুব্রত বাবু বিরক্ত হন এবং যাত্রাপালা না দেখেই চলে যান। বিষয়টি বুঝতে পেরে নৃপেন লজ্জিত হন। অন্যদিকে নৃপেনের বন্ধু রহমতের বাবা বর্গাচাষি হলেও রহমত সরকারি চাকরিজীবী হওয়ায় গ্রামের ধনাঢ্য ব্যক্তির মেয়ের সাথে তার বিয়ে হয়।

ক. 'Social Organization' গ্রন্থটির লেখক কে? ১
খ. বুদ্ধিমত্তার ভিত্তিতে সামাজিক অসমতা দেখা দেয়– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে রহমতের সামাজিক অবস্থান সামাজিক স্তরবিন্যাসের কোন ধরনকে নির্দেশ করে। ৩
ঘ. নৃপেনের আর্থসামাজিক অবস্থানের পরিবর্তন রহমতের তুলনায় মন্থর–তুমি কি এ বিষয়ে একমত? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০ ▸



ক. কাঙ্ক্ষিত বা বাঞ্ছিত পরিবর্তনকে কী বলে? ১
খ. বিশ্বায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সমাজজীবনের কোন প্রত্যয়টি প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত বিষয়টির কারণ বিশ্লেষণ কর। ৪

১১ ▸ দরিদ্র পরিবারের সন্তান রাফি ঢাকায় একটি শিল্পীগোষ্ঠীতে চাকরি করে। নিজ মামাতো বোনকে বিয়ে করে সে ঢাকা ভাড়া বাসা নিয়ে বসবাস করছে। রাফির বাবা-মা গ্রামের বাড়িতেই থাকেন।


ক. সমাজের চালিকা শক্তি কোনটি? ১
খ. পরিবার একটি মৌলিক অর্থনৈতিক সংগঠন – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বিবাহের ধরনটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত জ্ঞাতিসম্পর্কের ধরনটি গুরুত্বসহ বিশ্লেষণ কর। ৪

# শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸




ক. 'The Positive Philosophy' গ্রন্থটির রচয়িতা কে? ১
খ. সমাজবিজ্ঞান একটি বিজ্ঞানভিত্তিক পাঠ– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের 'ক' বিষয়টি সমাজবিজ্ঞানের পরিধির কোন শাখায় আলোচিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ক' সুরক্ষিত রাখার জন্য সমাজবিজ্ঞানের জ্ঞান অপরিহার্য –উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▸ নিচের তথ্যগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও ;

| | |
|---|---|
| সমাজ, সমাজের মানুষের বিভিন্ন দিক তথা গোটা জীবন পর্যালোচনা | ব্যক্তির আচরণ তথা ব্যক্তিত্বের বিশ্লেষণ করে। |
| A | B |

ক. "সমাজ অর্থ সহযোগিতা"–উক্তিটি কার? ১
খ. দেশপ্রেম কোন ধরনের সংস্কৃতি? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকের B অংশে কোন বিষয়ের কথা উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. A অংশের বিষয়টি কীভাবে মানবসমাজের সামগ্রিক পাঠ– বিশ্লেষণ কর। ৪

